



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৬ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com






JAGARAN ■ 21 September, 2020 ■ আগরতলা, ২১ সেপ্টেম্বর, ২০২০ ইং ■ ৪ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


### তীব্র বিরোধিতা সত্ত্বেও ধ্বনি ভোটে পাশ দুটি কৃষি বিল

# রাজ্যসভায় তুমুল হাঙ্গামা, ডেপুটি চেয়ারম্যানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনল বিরোধী দলগুলি

**নয়াদিল্লি, ২০ সেপ্টেম্বর।।** অশান্তির আশঙ্কা ছিল। রবিবার রাজ্যসভার অধিবেশনে তা মিলেও গেল। বিরোধীদের তুমুল প্রতিবাদ আর বিক্ষোভের মধ্যেই নরেন্দ্র মোদী সরকার সংসদের উচ্চকক্ষে ধ্বনিভোটে পাশ করিয়ে নিল কৃষিক্ষেত্রে সংস্কার সংক্রান্ত দু'টি বিতর্কিত বিল।



করোনা আবহের মধ্যেও এদিন সামাজিক দূরত্ব-বিধি কার্যত শিকেয় তুলে ওয়েলে নেমে, চেয়ারম্যানের আসনের সামনে এসে বিক্ষোভ দেখান বিরোধী সাংসদরা। 'জবাবে' জড়ো হয়ে বিলের পক্ষে স্লোগান দেন সরকারপক্ষের সদস্যেরাও। সে সময় সভা পরিচালনা করছিলেন ডেপুটি চেয়ারম্যান হরিবংশ নারায়ণ সিংহ। তৃণমূলের ডেরেক ও'ব্রায়েন-সহ কয়েকজন বিরোধী সাংসদকে তাঁর আসনের সামনে গিয়ে কাগজপত্র ও মাইক টানাটানি করতে দেখা যায়। প্রসঙ্গত, বাদল অধিবেশন শুরুর আগেই সাংসদদের ওয়েলে নেমে বিক্ষোভ দেখানোয় বিধিনিষেধ জারি হয়েছিল। শুধু সংসদের অন্দরে নয়, রাজধানী দিল্লি-সহ উত্তর ভারতের বিভিন্ন রাজ্যে এদিন কৃষিক্ষেত্রে সংস্কার সংক্রান্ত তিনটি বিলের বিরুদ্ধে বিক্ষোভ দেখিয়েছে বিরোধী দল এবং বিভিন্ন কৃষক সংগঠন। আন্দোলনকারীদের অভিযোগ, এ সংক্রান্ত তিনটি বিলে কৃষকদের স্বার্থ উপেক্ষা করে বড় ব্যবসায়ী এবং কর্পোরেট সংস্থাগুলিকে একতরফা ভাবে ফসলের দাম নির্ধারণ এবং মজুতদারির অধিকার দেওয়া হয়েছে।

যদিও এদিন সকালে বিরোধীদের তুমুল প্রতিবাদের মধ্যে রাজ্যসভায় বিল পেশ করে কেন্দ্রীয় কৃষি উন্নয়ন, কৃষক কল্যাণ ও খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী নরেন্দ্র সিংহ তোমর বলেন, "কৃষকদের ফসলের ন্যায্য দাম পাওয়ার পথে এই বিল কোনও প্রতিবন্ধকতা তৈরি করবে না।" বিল পাশ হওয়ার পরে বিজেপি সভাপতি জে পি নড্ডার মন্তব্য, "নরেন্দ্র মোজীজির নেতৃত্বে ভারতীয় কৃষকেরা ৭০ বছরের বঞ্চনা থেকে মুক্তি পেলেন।"

অন্যদিকে, কংগ্রেসের অভিযোগ, এই বিল আসলে 'কৃষকদের মৃত্যু পরোয়ানা'। বিতর্কে অংশ নিয়ে রাজ্যসভার ডিএমকে সাংসদ টি কে এস ইলানগোভানের মন্তব্য, "ওই কৃষি বিল ফের চাষিদের ক্রীতদাসে পরিণত করবে।" এমনকী, বিজেপির সবচেয়ে পুরনো সহযোগী শিরোমণি অকালি দলের সাংসদ নরেশ গুজরাল কেন্দ্রকে হুঁশিয়ারি দিয়ে বলেছে, "পঞ্জাবের কৃষতদের দুর্বল ভাবার ভুল করবেন না। তাঁরা এই কৃষক-বিরোধী বিল মেনে নেবেন না।"

বস্তুত, পঞ্জাব, হরিয়ানা, রাজস্থান-সহ বিভিন্ন রাজ্যে এদিন সকাল থেকেই কৃষি সংস্কার বিলের বিরুদ্ধে বিক্ষোভ দেখাতে পথে নামেন চাষিরা। উত্তর ভারতের প্রভাবশালী কৃষক সংগঠন 'ভারতীয় কিষাণ ইউনিয়ন' এদিন দুপুর ১২টা থেকে তিন ঘণ্টার পথ অবরোধ আন্দোলন শুরু করেছে। 'অত্যাবশ্যক পণ্য আইন' সংশোধন, 'কৃষি পণ্য লেনদেন ও বাণিজ্য উন্নয়ন' এবং 'কৃষিপণ্যের দাম নিশ্চিত করতে কৃষকদের সুরক্ষা ও ক্ষমতায়ন চুক্তি' সংক্রান্ত বিল তিনটি ইতিমধ্যেই লোকসভায় পাশ হয়ে গিয়েছে। এ দিন 'কৃষিপণ্য লেনদেন ও বাণিজ্য উন্নয়ন' এবং 'কৃষিপণ্যের দাম নিশ্চিত করতে ☛ ৬ এর পাতায় দেখুন

## আগরতলায় নার্সিং হোমে প্রসূতির মৃত্যুকে কেন্দ্র করে ধুন্ধুমার কান্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** আবারও চিকিৎসা গাফিলতির অভিযোগে রোগী মৃত্যুর ঘটনা। রাজধানীর বেসরকারি একটি নার্সিং হোমের বিরুদ্ধে এই অভিযোগ এনে রবিবার দুপুরে উত্তপ্ত হয়ে ওঠে গোটা হোম এলাকা। রোগীর পরিজন সহ অন্যরা এই ঘটনা নিয়ে ক্ষোভ দেখালেও বিন্দুমাত্র ভ্রুক্ষেপ ছিলো না নার্সিং হোম কর্তৃপক্ষের।

উল্টো পুলিশকে পর্যন্ত কড়া সুরে এদিন ধমকাতে দেখা গিয়েছে তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্যে।

ক্ষোভের মুখে রোগীর পরিজনদের সামনে না আসলেও হোমের কলাপসিবল গেইট লাগিয়ে টানা তর্ক জুড়ে দিতে দেখা গিয়েছে হোম কর্তৃপক্ষকে।জানা গিয়েছে, চিকিৎসক এস বি চক্রবর্তীর কাছে নিয়মিত প্রাইভেট চিকিৎসার সুযোগ নিতেন বিলোনীযার ঋষ্যমুখের কৃষ্ণনগর এলাকার বাসিন্দা সোমা নট্যদাস। সেই মতো গর্ভবতী ওই মহিলাকে ২০ সেপ্টেম্বর সিজারিযান ডেলিভারি করানো হবে বলে জানিয়ে দিয়েছিলেন চিকিৎসক এস বি চক্রবর্তী। এর আগে উদয়পুরের জেলা হাসপাতাল থেকে কোভিড টেস্ট করিয়ে আনতে বলা হয় তাদের।

সোমা নট্যদাসের পরিবার শনিবার রাতে চিকিৎসকের পরামর্শ মতো কোভিড টেস্ট করিয়ে নেগেটিভ রিপোর্ট সমেত রাত আনুমানিক ১ টা নাগাদ তাকে ভর্তি করান ওই বেসরকারি নার্সিংহোমে। সেখানেই যতো বিপত্তি। ভোর আনুমানিক সাড়ে ৫ টা নাগাদ চিকিৎসক এসে শুরু করেন অপারেশন। সাড়ে সাতটা নাগাদ কোনও খবর না আসাতেই ☛ ৬ এর পাতায় দেখুন

## জিবি হাসপাতালে আক্রান্ত নার্স, উত্তেজনা থানায় অভিযোগ দায়ের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** জিবি হাসপাতালে আক্রান্ত হলেন নার্স। ঘটনা রবিবার সকাল নাগাদ। ঘটনাকে কেন্দ্র করে জিবি হাসপাতাল এর তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে।

জানা যায় রোগীর পরিবার এর লোকজনরা উত্তেজিত হয়ে নার্স ও চিকিৎসকদের ওপর হামলা চালায় এবং হাসপাতালের জিনিষপত্র ভাঙচুর করে। ঘটনার খবর পেয়ে নিউ ক্যাপিটাল কমপ্লেক্স থানার পুলিশ ছুটে আসে। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। তবে অভিযুক্তদের গ্রেপ্তার করতে পারেনি পুলিশ।ঘটনার পর পুলিশ আসার আগেই অভিযুক্তরা ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যায় বলে জানা গেছে।

তবে হাসপাতাল কর্তৃপক্ষের তবে অভিযুক্তদের নাম উল্লেখ করে থানায় মামলা দায়ের করা হয়েছে।করোনা ভাইরাস সংক্রমণ জনিত পরিস্থিতিতে চিকিৎসক নার্স এবং স্বাস্থ্যকর্মীরা যখন জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে চলেছেন ঠিক সেই সময়ে হাসপাতালে কর্তব্যরত অবস্থায় চিকিৎসক-নার্স ওপর হামলার ঘটনায় তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে।হামলাকারীদের গ্রেপ্তার এবং কটুর শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন জিবি হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক নার্স এবং স্বাস্থ্যকর্মীরা।অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা হলে চিকিৎসক নার্স এবং স্বাস্থ্যকর্মীরা চিকিৎসা পরিষেবা ☛ ৬ এর পাতায় দেখুন

## বাধারঘাট ও বড়জলায় দু'জনের মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** বাধারঘাট মাতৃ পল্লী এলাকা থেকে উদ্ধার এক যুবকের ঝুলন্ত মৃতদেহ। মৃত যুবকের নাম সুমিত দাস। পেশায় সে একজন মাছ ব্যবসায়ী ছিল। ঘটনার বিবরণে জানা যায় এইদিন দুপুরে এলাকার লোকজন এলাকারই একটি বাঁশের ঝারে সুমিত দাসের মৃতদেহ দেখতে পায়। সাথে সাথে খবর দেওয়া হয় পুলিশকে। দ্রুত ঘটনাস্থলে ছুটে আসে এডি নগর থানার পুলিশ। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠায়। এক পুলিশ অফিসার জানান মৃত সুমিত দাস পেশায় মাছ ব্যবসায়ী ছিল। এইদিন সকালে বাড়ি থেকে খাবার খেয়ে বের হয়। সকাল ১১ টা নাগাদ তাঁকে এই বাঁশের ঝারের পাশে দেখতে পায় এলাকার লোকজন। ধারনা করা হচ্ছে তারপরই সে ফাঁসিতে আত্মহত্যা করেছে। তবে কেন সে আত্মহত্যা করেছে, তা স্পষ্ট নয়।

এদিকে, রবিবার দুপুরে রাজধানী সংলগ্ন বড়জলা স্কুল থেকে এক ব্যক্তির পচাগলা মৃতদেহ উদ্ধার হয়। মৃতব্যক্তির নাম সোনাই দাস। জানা গেছে দুর্জয়নগর এক বাড়িতে ভারা থাকত তিনি। আই জি এম হাসপাতালের চক্ষু বিভাগে গ্রুপ ডি কর্মী হিসাবে কর্মরত ছিলেন। রবিবার দুর্গন্ধ ছড়ালে স্থানিয়বাসিন্দাদের নজরে আসে বিষয়টি। তারা খবর দেয় পুলিশে। পুলীশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়ে দেয়। মৃত ব্যক্তির আত্মীয় জানায় এদিন সকালে তিনি খবর পান। সেই অনুযায়ী ছেলেকে পাঠান মৃতদেহ দেখবার জন্য। এরপর ছেলের কাছ থেকে শুনে ছুটে আসেন তিনি। গত ১ সেপ্টেম্বর থেকে নিখোজ ছিল সোনাই দাস।

এদিন তারা ☛ ৬ এর পাতায় দেখুন

### কংগ্রেসের ডাকা বন্‌ধ ব্যর্থ হবে ঃ নবেন্দু

## রাজ্যে করোনার বিস্তারের জন্য সিপিএমকে দায়ি করল বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** বর্তমান করোনা যুদ্ধকালীন পরিস্থিতিতে প্রদেশ কংগ্রেস আগামী ২১ সেপ্টেম্বর বনধ -এর ডাক দিয়েছে। প্রদেশ কংগ্রেস কার স্বার্থে এই বনধ -এর ডাক দিয়েছে তা স্পষ্টিকরন করা জরুরি। রবিবার প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এমনটাই দাবি জানান প্রদেশ বিজেপি মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য। কারণ বর্তমান পরিস্থিতিতে প্রদেশ কংগ্রেসের এ ধরনের সিদ্ধান্ত জনবিরোধী সিদ্ধান্ত। তাছাড়া রাজ্যে করোনার বিস্তারের জন্য সিপিএমকে দায়ি করেছেন নবেন্দু ভট্টাচার্য।

মানুষের জীবন বাজি রেখে নেতাদের স্বার্থে ডাকা হয়েছে এই বনধ। এই বনধ রাজ্যের মানুষ মেনে নেবে না। প্রত্যাখ্যান করবে এই বনধ। এই বনধ সাধারণ মানুষকে প্রভাবিত করবে। তাই রাজ্য সরকারের কাছে দাবি এই জনবিরোধী বনধ -এর বিরুদ্ধে সরকার যাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে। যারা অপ্রীতিকর পরিবেশ সৃষ্টি করবে তাদের বিরুদ্ধে সরকার কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করে। এমনটাই দাবি জানান তিনি। রাজ্যে সিপিআইএম এবং কংগ্রেস ☛ ৬ এর পাতায় দেখুন

## করোনা ঃ আরও ছয়জনের মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** রাজ্যে করোনা আক্রান্ত হয়ে আরও ছয়জনের মৃত্যু হয়েছে। রবিবার সরকারী তথ্য মোবেক এই সংবাদ জানা গিয়েছে। এদিকে, এদিন রাজ্যে নতুন করে ২০০ জনের কোভিড-১৯ রিপোর্ট পজেটিভ এসেছে। রাজ্যে মৃত্যুর সংখ্যা প্রতিদিন বেড়ে চলেছে। তাতে বিভিন্ন মহল থেকে উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

## আজ বিধানসভা অধিবেশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** সোমবার একদিনের জন্য রাজ্য বিধানসভার অধিবেশন বসছে। করোনার কারণে একদিনের জন্য অধিবেশন করার সিদ্ধান্ত নিয়েছে বিধানসভার বিএসি। কোভিড-১৯ এর বিধি নিষেধ মনে বসবে অধিবেশন।

## মিজোরামের দুই জওয়ানের দ্বারা শ্লীলতাহানির মামলায় পুলিশের ভূমিকায় অসন্তোষ

**নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ২০ সেপ্টেম্বর।।** বিগত ১৮ এপ্রিল কোভিড- ১৯ জম্পুইহিলের কনপুই গ্রামের বাসিন্দা যুবক ও মহিলারা গ্রামের সুরক্ষা দেওয়ার জন্য লকডাউন এর দায়িত্ব পালন করেন। ওই এলাকায় রাস্তার পূর্ব দিকে মিজোরাম পশ্চিম দিকে ত্রিপুরা। এলাকাবাসী জানান যুবক ও মহিলারা দায়িত্ব পালন চলাকালীন সময়ে মিজোরামের ইন্ডিয়ান রিজার্ভ ব্যাটালিয়নের দুই জওয়ান ত্রিপুরা সিমানার ভেতরে এসে এক মহিলাকে শ্লীলতাহানি করেন ও মেরে ফেলার হুমকিও দেন।

তাই ওই গ্রামের মহিলা (ভাংমুন থানায় একটি মামলা করতে আসেন এর লিখিত অভিযোগ থানায় না রাখায়। কাঞ্চনপুর থানায় এসে মামলা করেন ২৩ শে এপ্রিল। কাঞ্চনপুর থানা থেকে মামলাটি ২৪ এপ্রিল ভাংমুন থানায় পৌঁছে দেয়। পাঁচ মাস যাবৎ কোন ধরনের সুবিচার না পাওয়ায়। আজ ত্রিপুরার কনপুই এলাকার মহিলারা ভাংমুন থানায় যানওসির সাথে কথা বলার জন্য। মহিলারা জানান থানার ওসি উনার বাসভবনে আছে দেখতে পাই। ওই এলাকাবাসী থানার ভিতরে গিয়ে ডিউটি অফিসারের সাথে কথা বলেন। ওসির সাথে উনারা কথা বলবেন বলে জানান খবর দিলেও ওসি থানায় আসেননি।

## আজ কংগ্রেসের ডাকে ত্রিপুরা বন্‌ধ চেষ্টা হচ্ছে বানচালের ঃ পিযুষ বিশ্বাস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** খোদ মুখ্যমন্ত্রীর নেতৃত্বে রাজ্যে প্রতিনিয়ত আইনের সঙ্গে ছেলে খেলা হচ্ছে। বিরোধী দলের সঙ্গে দ্বিচারিতা মূলক আচরণ করছে প্রশাসন। কংগ্রেসের ডাকা বনধকে বানচাল করার জন্য বিজেপি এবং পুলিশ যৌথভাবে কাজ করছে বলে অভিযোগ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি পীযূষ কান্তি বিশ্বাস। সাংবাদিক সম্মেলনে তিনি বলেন বিএমএসের পক্ষ থেকে আজ কংগ্রেস ভবন কে লক্ষ্য করে উস্কানিমূলক হুমকি দেয়া হয়েছে।

কংগ্রেস কর্মীরা নিয়ন্ত্রণে ছিল বলে অপ্রীতিকর ঘটনা সংঘটিত হয়নি বলে তিনি আশংকা করেন। পশ্চিম থানার পুলিশের নাকের ডগায় এই ঘটনা প্রমাণ করে, গোটা রাজ্যে অবস্থা কি রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য ১২ দফা দাবিতে আগামীকাল অর্থাৎ একুশে সেপ্টেম্বর ১২ ঘন্টার বনধের আহবান করেছে প্রদেশ কংগ্রেস। বনধ আহবানের মূল কারণগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো, করোনা পরিস্থিতি সংক্রান্ত বিষয়ে রাজ্য সরকারের চরম ব্যর্থতা, ১০৩২৩, বিরোধী রাজনৈতিক দলের উপর আক্রমণ, চিটফান্ডের টাকা ফেরত দেওয়ার ব্যবস্থা ইত্যাদি। সাংবাদিকদের উপর আক্রমণ ও সর্বোচ্চ ক্ষমতাবানের অঙ্গুলিহেলনে সংঘটিত হচ্ছে বলে অভিযোগ করেন পীযূষ কান্তি বিশ্বাস।

এসব দাবি নিয়ে আলোচনার জন্য প্রদেশ কংগ্রেস সময় চেয়েছিল মুখ্যমন্ত্রীর কাছে। কিন্তু মুখ্যমন্ত্রী সেই সময় দেননি। অন্যদিকে গণতান্ত্রিক আন্দোলনের উপর আঘাত হানার জন্য তার নির্দেশেই পুলিশ প্রশাসন কাজ করছে বলে অভিযোগ করেন পীযূষ বিশ্বাস। তিনি বলেন যেখানে বিরোধী রাজনৈতিক দলগুলির যাবতীয় কর্মকাণ্ড বন্ধ করে রাখা হয়েছে জোর করে, সেখানে শাসকদলীয় সংগঠনের নানা কর্মসূচি চলছে অনায়াসেই। এ কোন ধরনের আইনের শাসন চালাচ্ছেন মুখ্যমন্ত্রী ? প্রশ্ন তোলেন কংগ্রেস সভাপতি। তিনি বলেন এসবের বিরুদ্ধে গর্জে ওঠে রাজ্যের মানুষ আগামীকাল ১২ ঘন্টার ☛ ৬ এর পাতায় দেখুন

## মধুপুরে ধারালো অস্ত্রের আঘাতে আহত গাড়ি চালক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** সিপাহীজলা জেলার বিশালগড় মহকুমার মধুপুর থানা এলাকার মধুপুর জাম চৌমুহনীতে গাড়ি চালানোকে কেন্দ্র করে বিবাদের জেরে এক ব্যক্তি ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর ভাবে আহত হয়েছেন। আহত গাড়ি চালকের নাম রাজীব সাহা। ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত রাজিব সাহাকে মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়েছে।

অভিযুক্ত দুই জনের নাম উল্লেখ করে মধুপুর থানায় সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে। অভিযোগের ভিত্তিতে পুলিশ অভিযুক্ত দিলীপ শীল এবং তার পুত্র মিঠুন শীলকে গ্রেপ্তার করেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে। ঘটনার বিবরণে জানা যায় রবিবার সকাল ☛ ৬ এর পাতায় দেখুন

## মাছে রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ করতে দুই বছরের লক্ষ্যমাত্রা নিয়েছে সরকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** মৎস্যচাষ একটি লাভজনক ব্যবসা। কেউ যদি দ্রত ও সহজে স্বনির্ভর হতে চায় সেটা মৎস্যচাষের মাধ্যমে সম্ভব হতে পারে। তবে সেই মৎস্যচাষ হতে হবে বিজ্ঞানসম্মত উপায়ে। আজ মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আগরতলা পুরনিগমের ৩০নং ওয়ার্ডের আম্বেদকর পল্লীস্থিত মৎস্যচাষের প্রশিক্ষণ ও প্রদর্শনের প্রতিষ্ঠান 'রঙ্গময়ী গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রে'র উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন।

তিনি আরও বলেন, মাছ চাষের মাধ্যমে ত্রিপুরার হাজারো যুবক-যুবতী যাতে সহজে স্বনির্ভর হতে পারেন সেই দিকে লক্ষ্য রেখেই এই প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিষ্ঠা করা হয়েছে। তিনি বলেন, বিশেষ করে তপশিলীজাতি অংশের মানুষই মৎস্যচাষের সঙ্গে




যুক্ত থাকেন। তবে বর্তমানে জনজাতি ও অন্যান্য সাধারণ অংশের মানুষও মৎস্যচাষে যুক্ত হচ্ছেন। এই কাজে যুক্ত তপশিলীজাতি ও জনজাতি অংশের মৎস্য ব্যবসায়ীদের উন্নয়নে রাজ্য সরকার সব সময় পাশে থাকবে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা সরকার চায় ত্রিপুরার প্রতিটি মৎস্যজীবী পরিবার সমৃদ্ধি লাভ করুক। সেই দিকে লক্ষ্য রেখেই সরকার কাজ করছে। তাই করোনার মহামারির মধ্যেও সরকার এই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে।

মুখ্যমন্ত্রী বলেন, আগামী দু'বছরে রাজ্যকে মৎস্যচাষে স্বয়ংসম্পূর্ণ করা হবে। সেই জন্য রাজ্যের বিভিন্ন সরকারী ও বেসরকারী জলাশয়ে বি'ান সম্মত উপায়ে মাছ চাষের ব্যবস্থা করা হবে। সারা রাজ্যের মৎস্য বিক্রেতাদের তালিকা তৈরী করা হবে। সমস্ত মৎস্য ব্যবসায়ীদের এক ছাতার নীচে এনে যারা মৎস্য ব্যবসায় উৎসাহী অথচ আর্থিক সংগতি নেই সরকার তাদের এস সি কর্পোরেশনের মাধ্যমে ঋণ দিয়ে সহযোগিতা করবে। তিনি মৎস্যচাষীদের মাছের চাষে উৎসাহ দিয়ে কৃষকদের অনাবাদী জমিতে বা যে জমিতে শুধুমাত্র এক ফসল ধান চাষ হয় সেই সব জমিতে পুকুর খনন ☛ ৬ এর পাতায় দেখুন




জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৮ ▫ সংখ্যা ৩৩৪ ▫ ২১ সেপ্টেম্বর ২০২০ ইং ▫ ৪ আশ্বিন ▫ সোমবার ▫ ১৪২৭ বঙ্গাব্দ

## মানবিক সঙ্কট

লজ্জা বস্তুটি এক বার ঝাড়িয়া ফেলিতে পারিলে মস্ত সুবিধা কিছুতেই আর লজ্জিত হইবার দায় থাকে না। কেন্দ্রীয় সরকার সম্ভবত লজ্জাহীনতার সেই তুরীয় স্তরটিতে উপনীত হইয়াছে। ফলে, সংসদে যখন প্রশ্ন উঠিল, লকডাউনের পর ঘরে ফিরিবার পথে কত পরিযায়ী শ্রমিকের প্রাণহানি হইয়াছে, কেন্দ্রীয় শ্রমমন্ত্রী সন্তোষ গঙ্গোয়ার চোখের পলকটি না ফেলিয়া জানাইয়া দিলেন, কেন্দ্রীয় সরকার তাহা জানে না। স্বাধীন ভারতের ইতিহাসে সম্ভবত সর্ববৃহৎ মানবিক সঙ্কট, যাহার সুরাহা করিতে না পারিবার লজ্জায় সরকারের নতমস্তক হইবার কথা, তাহা সম্বন্ধে প্রাথমিক তথ্যটিও মন্ত্রিমহোদয়ের নিকট নাই কেন? তিনি জানাইয়াছেন, এই ধরনের পরিসংখ্যান রাখিবার রেওয়াজ নাই। হাজার মাইল হাঁটিয়া ঘরে ফিরিবার মর্মান্তিক চেষ্টা, অথবা হাঁটিতে হাঁটিতে রেললাইনের উপর ঘুমাইয়া পড়া এই ঘটনাগুলি, এমনকি ভারতেও, নিতান্ত স্বাভাবিক বা প্রাত্যহিক ছিল না। ফলে, ঘরে ফিরিবার পথে মৃত শ্রমিকের পরিসংখ্যান রাখিবার রেওয়াজ না থাকিবারই কথা। কিন্তু, তাহাদের অবিবেচনায় বিপন্ন মানুষগুলি পথে-বিপথে মারা যাইতেছেন, তাহা দেখিবার পরও কেন্দ্রীয় সরকারের সেই পরিসংখ্যান রাখিবার কথা মনে হইল না? যাহারা উমর খালিদের বিরুদ্ধ এগারো লক্ষ পৃষ্ঠার প্রমাণ সংগ্রহ করিতে পারে, এই পরিসংখ্যান সংগ্রহ তাহাদের সাধ্যাতীত ছিল? না কি, মন্ত্রিবর যেমন জানাইয়াছেন যে, পরিসংখ্যান নাই বলিয়া ক্ষতিপূরণ দেওয়ারও প্রশ্ন নাই, তাহাই মূল কারণ? সরকার দায় ঝাড়িয়া ফেলিতে চাহে?

দায় শুধু ক্ষতিপূরণের নহে। সরকার যদি মৃত পরিযায়ী শ্রমিকের সংখ্যাটি না রাখে, তাহার অর্থ, এই মৃত্যুকে সরকার স্বীকৃতি দিতেছে না। যে মানুষগুলি বিপন্ন হইলেন সরকারের আচমকা সিদ্ধান্তে, মাত্র কয়েক ঘণ্টার নোটিসে সরকার যাঁহাদের জীবন উথালপাথাল করিয়া দিল, সরকার যদি তাঁহাদের বিপন্নতাকেই স্বীকার না করে, তবে সেই বিপন্নতার নৈতিক দায় লইবারও প্রশ্ন সরকারের নাই। অর্থাৎ, সন্তোষ গঙ্গোয়ার জানাইয়া দিলেন, এই মানুষগুলির মৃত্যু সরকারের চোখে অহেতুক। যাঁহারা না মরিয়া গ্রামে পৌঁছাইতে পারিয়াছেন, তাঁহাদের ক্লেশও অহেতুক। আচমকা নোট বাতিলের ন্যায় হঠাৎ লকডাউনের সিদ্ধান্তও যে প্রবল অন্যায় ছিল, তাহা এখন তর্কাতীত ভাবে প্রমাণিত কিন্তু, সেই ভুল সিদ্ধান্তের দায় ঝাড়িয়া ফেলিবার এই ঔদ্ধত্য আরও বড় অন্যায়। কেন্দ্রীয় শ্রমমন্ত্রী কার্যত জানাইয়া দিলেন, পরিযায়ী শ্রমিকদের তাঁহারা যে অব-নাগরিক জ্ঞান করেন, শুধু তাহাই নহে, সেই অব-নাগরিকের দায়িত্ব গ্রহণেও তাঁহারা আর দায়বদ্ধ নহেন। হিসাব নাই, বলিয়া দিলেই ল্যাঠা চুকিয়া যায়।

অথচ, হিসাব রাখিবার সংস্থান আইনেই ছিল। আন্তঃরাজ্য পরিযায়ী শ্রমিক আইনটি প্রয়োগে সরকার যদি আগ্রহী হইত, তবে জানা থাকিত, কোন রাজ্য হইতে কত জন শ্রমিক পরিযায়ী, তাঁহারা কোন শহরে কাজ করেন। সেই পরিসংখ্যানটি সামনে থাকিলে কর্তারা হয়তো অন্তত এক বার ভাবিতেন, তাঁহাদের খেয়ালখুশির পরিণাম কতখানি মারাত্মক হইতে পারে। জানিবার উপায় থাকিত, লকডাউনের সিদ্ধান্তটি কাহাকে কতখানি বিপন্ন করিল। ক্ষতিপূরণ বাবদ কিছু টাকা দেওয়া গৌণ প্রশ্ন এই ব্যবস্থা থাকিলে অন্তত এইটুকু বুঝিবার উপায় থাকিত যে, রাষ্ট্র নিজের আচরণের ফলাফল বোঝে, তাহার জন্য লজ্জিত হইলেও হইতে পারে। যে কোনও নাগরিকের নিকট রাষ্ট্রীয় সুযোগসুবিধা পৌঁছাইয়া দেওয়ার গোড়ার কথা, তাঁহাদের অস্তিত্ব স্বীকার করা। কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ বিপরীত পথে হাঁটিল। অতঃপর, এই শ্রমিকদের শোষণ করিতে বেসরকারি উদ্যোগেরও দ্বিধা থাকিবে না বলিয়াই আশঙ্কা হয়। নির্লজ্জতা বড় ছোঁয়াচে।

# কৃষি ও কৃষকদের বাঁচাতে চাই সুসামঞ্জস্য পরিকল্পনা

**এইচ এন মাহাতো**

ভারত একটি কৃষি প্রধান দেশ। ভারতের বেশ কয়েকটি পঞ্চবার্ষিক পরিকল্পনায় কৃষি ও কৃষকদের জন্য সল্পমেয়াদি বা দীর্ঘমেয়াদি বেঁচে থাকার কোনো পরিকল্পনা থাকার কারণে কৃষিজীবীরা ৫০০০/১০০০ টাকার ব্যাঙ্ক ঋণ পরিশোধে অক্ষম হয়ে তাদের ভিটেমাটি বা ন্যুনতম সহায় সম্বলটুকু ক্রোক হওয়ার ভয়ে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। দিনে দিনে কৃষকদের মৃত্যু মিছিল লম্বা হয়ে চলেছে। অথচ ব্যাষ্টিগত পুঁজিবাদীরা হাজার হাজার কোটি টাকা ব্যাঙ্ক ঋণ নিয়ে ভারতীয় রাজনৈতিক নেতাদের হাতে পার্টি বা ব্যাষ্টিগত ফাণ্ডে টাকার একটি অংশ জমা দিয়ে বিদেশে পালিয়ে যাচ্ছে। তাদেরকে বাঁচিয়ে রাখতে কত রকমের আইন, ঋণ মুকুব করে বড় বড় আইনজীবী ও রাজনৈতিক নেতারা তাদেরকে রক্ষা করতে চৌকিদারি করে চলেছে। পাশাপাশি দেখুন যারা দেশের সকল নাগরিকদের অন্ন জোগাড় করে চলেছে সেই অভাগা কৃষকদের এই অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে রাজনৈতিক নেতাদরে কিছু বিলাপ ও একে অপরের দোষারোপ ছাড়া কিছুই করছে না। তাও লোক দেখানো করে থাকে দলীয় স্বার্থে।

আসলে ভারতের নেতাদের হাতে কোনো প্রকারের সমাধান নেই। তার প্রকৃষ্ট উদাহরণ বর্তমান কেন্দ্রীয় সরকারের কৃষিনীতি লোকসভার অধিবেশনে পাস করার আগেই কৃষি ও বিপন্ন মন্ত্রী পদত্যাগ করা। পাঞ্জাব, হরিয়ানা কৃষকরা রাস্তায় নেমে আন্দোলন শুরু করেছে। মাননীয়া মন্ত্রী বলেছেন এই কৃষিনীতি পুঁজিবাদীদের পক্ষে। সাধারণ কৃষকদের আত্মহত্যা অনেক গুড় বেড়ে যাবে। বি জে পি'র কেন্দ্রীয় সরকার সারা ভারতের ১৫/২০ শতাংশ পুঁজিবাদীদের বাঁচাতে রাজশক্তিকে কাজে লাকিয়ে ভারতের স্বাধীন কৃষি ক্ষেত্রকে অশুভ শক্তির হাতে তুলে দিয়ে আর একটি খাদ্যের সংকটে ফেলতে চলেছে। কৃষি ও কৃষকদের আসল সমস্যাটি কী ও তার সমাধানটা কোথায়?

কৃষি ও কৃষকদের কথা চিন্তা করে প্রাউট (সামাজিক অর্থনৈতিক দর্শন)প্রবক্তা শ্রী প্রভাতরঞ্জন



সরকার কৃষি ও কৃষকদের কথা বলতে গিয়ে প্রথমেই বলেছেন কৃষিকে বাঁচাতে হলে কৃষি ও শিল্পের মধ্যে সুসামঞ্জস্য পরিকল্পনা চাই। প্রথমেই চাই কৃষিকে শিল্পের মর্যাদা দিতেহবে। অর্থাৎ যেভাবে শিল্পে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ও বাজারে বিক্রয় মূল্য নির্ধারণ করা হয় কৃষিক্ষেত্রেও কৃষি উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্য নির্ধারণ করতে হবে। কৃষিকে কেন্দ্র করে ব্লকে ব্লকে কৃষি ভিত্তিক ও কৃষি সহায়ক খিল্পের মাধ্যম কৃষকদের আত্মনির্ভরশীল করতে হবে। এরজন্য মাননীয় প্রউট প্রবক্তা বলেছেন সুসন্তলিত ও সুসামঞ্জস্য পরিকল্পনা দরকার। তাহা হলে কৃষি ক্ষেত্রে ৪০ শতাংশ কৃষিজীবী, কৃষিকে কেন্দ্র করে কৃষি ভিত্তিক শিল্পে ও কৃষি সহায়ক শিল্পে ২০ + ২০ শতাংশ, ব্যবসায় ১০ শতাংশ ও অলাভজনক প্রতিষ্ঠান যেমন অফিস বা ওই ধরনের প্রতিষ্ঠানে ১০ শতাংশ মানুষকে কাজে লাগিয়ে ১০০ শতাংশ মানুষের কর্মসংস্থান করে রাষ্ট্রের আর্থিক উন্নতি করা যাবে। আজকের প্রত্যেকটি রাজনৈতিক নেতারা অলাভজনক প্রতিষ্ঠানে বেশি করে লোক নিয়োগে উৎসাহিত, কারণ তাদেরকে সরকারি কাজে অপেক্ষা রাজনৈতিক ভাবে দলের স্বার্তে বেশি ব্যবহার করা যাবে। রাষ্ট্রের আর্থিক উন্নতি করতে হলে এই মুহূর্তে কৃষির ওপর কর্মী সংখ্যা কমিয়ে পকিল্পনার প্রথমেই কিছু নৈতিকতা সম্পন্ন মানুষের দ্বারা সমবায় তৈরি করে গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে হবে। কৃষি মানেই জমি, তাই ওই জমির প্রতি ইঞ্চিতে জলসেচের ব্যবস্থা করতে হবে। কোন অবস্থায় কৃষি জমিকে শিল্প গড়ার নামে গ্রামীণ অর্থনৈতিক বুনিয়াদ ধ্বংস করা চলবে না।

প্রাউড প্রবক্তা আরো বলেছেন যে জনসংখ্যা সঙ্গে সম্পর্কে রক্ষা করতে কৃষি জমির পরিমাণ বাড়াতে হবে। কৃষকদের আর্থিক নিশ্চয়তা আনতে হলে, কৃষক সমাজের অর্থনৈতিক বুনিয়াদে ভারসাম্য রক্ষা করতে হলে জমির ঢাল বা সমতলের পরিস্থিতি অনুযায়ী একাধিক জমি মালিকের মালিকানা সত্তাকে রক্ষা করে উৎপাদক সমবায় এর আওতায় আনলে মধ্যকারে জমির ভেতরের আল বা বাউণ্ডারি ভেঙে দিয়ে বড় বড় ব্লট তৈরি করে জমির পরিমাণ বাড়াতে হবে ও বিজ্ঞানকে ব্যবহার করলে শস্যের ফলন বেশি পাওয়া যাবে ও উৎপাদন ব্যয় কম হবে। এরফলে ভাগচাষি, ক্ষুদ্র চাষি, বৃহৎ চাষি ও ক্ষেতমজুরা আর্থিক ভাবে লাভবান হবে। উক্ত উৎপাদিত পণ্যের সঙ্গে সঙ্গে বাজারজাত না করে উৎপাদক সমবায় এর নামে একটি সমবায় তৈরি করে তাদের হাতে হস্তান্তরিত করলে তারা ওই সম্পদকে গোডাউনজাত করে রাখলে কৃষকরা বেশি লাভবান হবে। উক্ত সময়ে কৃষকদের সমবায়সমিতির ব্যাষ্টিগত অর্থ বা ব্যাঙ্কের তহবিল গ্রহণ করে নানা প্রয়োজন কৃষকদের সাহায্য করতে পারবে। এই পরিকল্পনার ফলে মধ্যোপন্থা ফোঁড়েরা কৃষকদের ওপর আরে কোন দাদাগীরি করতে পারবেনা। উৎপাদিত পণ্যের দ্বারা কুটির শিল্প গড়ে গ্রামের অর্থনৈতিক বুনিয়াদ সাধারণ মানুষের হাতে স্থানান্তরিত হলে কর্মসংস্থান বৃদ্ধি পাবে ও ধীরে ধীরে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাবে। মাননীয় শ্রীসরকার আরো বলেছেন এটা করতে হলে একটি সুদূঢ়প্রসারী পরিকল্পনা করে শহর ও গ্রামের মধ্যে সমন্বয়ের মাধ্যমে সেই সকল অঞ্চলের শ্রীবৃদ্ধি ঘটাতে চাই ব্লক ভিত্তিক পরিকল্পনা। আর এই পরিকল্পনার ফলে যুবক যুবতীরা অর্থনৈতিক অভাবে শহর মুখি হবেনা। যে অঞ্চল যতবেশি আর্থিক সাবলম্বী হবে সেই অঞ্চলের সাধারণ মানুষকে রাজনৈতিক দলদাসে পরিণত হতে হবে না। আজকের রাজনৈতিক নেতাদের দাপটে আর কোনো ভাতৃঘাতী আন্দোরালন হবে না। আগামীতে আর কোনো মাকে বা বোনকে ভাতৃহারা, স্বামীহারা বা পিতৃহারা হতে হবেনা।

কৃষি ও কষৃকদের নিয়ে শ্রী প্রভাতরঞ্জন সরকারের কয়েকটি বড় লিখেছেন, যেমন কৃষি কথা, প্রাউডের অর্থনীতি, প্রাউডের রূপরেখা, কর্ণিকায় প্রাউড বশে কয়েকটি খণ্ড ইত্যাদি ইত্যাদি।

## ভাটপাড়া-নৈহাটি সমবায় ব্যাংকের চেয়ারম্যান পদ থেকে অপসারিত সাংসদ অর্জুন সিং

বারাকপুর, ২০ সেপ্টেম্বর (হি. স.): ভাটপাড়া-নৈহাটি সমবায় ব্যাংকের চেয়ারম্যান পদ থেকে অপসারিতই হলেন বারাকপুরের বিজেপি সাংসদ অর্জুন সিং। রবিবার ১২-০ ভোটে অপসারিত হতে হয় তাঁকে।

ঘটনার সূত্রপাত বছর দুয়েক আগে। সেই সময় ভাটপাড়া-নৈহাটি সমবায় ব্যাংকের প্রায় ২০ কোটি টাকা ঋণ অবৈধভাবে পাইয়ে দেওয়ার অভিযোগ ওঠে অর্জুন সিংয়ের বিরুদ্ধে। সেই অনুযায়ী শুরু হয় তদন্ত। তাতেই সামনে আসে চাঞ্চল্যকর তথ্য। ২০১৮-র অক্টোবরে দু'দফায় মোট ১৩ কোটি টাকা ঋণ হিসাবে ভাটপাড়া পুরসভার ঠিকাদার অভিজিৎ চক্রবর্তীকে পাইয়ে দেওয়ার অভিযোগ ওঠে। কিন্তু সেই টাকা নাকি অভিজিৎ চক্রবর্তীর পরিবর্তে অন্যের অ্যাকাউন্টে চলে যায়। এই ঘটনায় ব্যাংকের তৎকালীন সিইও চন্দ্রনাথ ভট্টাচার্যেরও নাম জড়ায়। তদন্তে নেমে পুলিশ একে একে চন্দ্রনাথ ভট্টাচার্য এবং অভিজিৎ চক্রবর্তীকে গ্রেফতার করে। ওই মামলাতেই বারাকপুরের সাংসদ অর্জুন সিংয়ের নামও জড়িয়ে যায়।

যদিও বরাবরই নিজের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করে বিজেপি সাংসদ অর্জুন সিং। বিজেপিতে যোগ দিয়েছেন বলেই তাঁর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হচ্ছে বলেই দাবি করেন অর্জুন সিং। তবে তা সত্ত্বেও অর্জুন সিংয়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হয়। তাতেই ভোটাভুটি হয় রবিবার। সমবায় ব্যাংকের চেয়ারম্যান পদে ১২-০ ভোটে অপসারিত হলেন তিনি। যা নিঃসন্দেহে তাঁর কাছে অস্বস্তির বিষয় হয়ে দাঁড়িয়েছে।

## ৩০ অক্টোবর পর্যন্ত ভর্তি সম্ভব কলেজে, ঘোষণা শিক্ষা মন্ত্রীর

কলকাতা, ২০ সেপ্টেম্বর ( হি স):করোনা আতঙ্কে নাজেহাল রাজ্যবাসী। ইতিমধ্যেই কলেজে ভর্তি নিয়ে ব্যস্ত শিক্ষার্থীরা। কিন্তু বর্তমানের কঠিন পরিস্থিতিতে এখনও সঠিকভাবে অনেকেই ভর্তি হতে পারেনি কলেজে। আর তাদের কথা ভেবে এবার কলেজে ভর্তির সময়সীমা বাড়ানো হল। আগামী ৩০ অক্টোবর পর্যন্ত ভর্তি সম্ভব কলেজে। রবিবার ঘোষণা করলেন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের।

এই প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন,” এখনও বহু কলেজে আসন ফাঁকা। তার জন্যই বাড়ানো হলো সময়সীমা। ৩০ অক্টোবর পর্যন্ত ভর্তি সম্ভব কলেজে। অনলাইনে করা যাবে আবেদন।এখনও যারা ভর্তি হতে পারেননি তারা ভর্তি হতে পারবেন তাদের নম্বরের ভিত্তিতে ভর্তি করা হবে। আসন যে সমস্ত করেছে ফাঁকা আছে বা পূরণ হয়নি সেইসব কলেজে অক্টোবর পর্যন্ত এই প্রক্রিয়া চলবে”।

## রিজেন্ট পার্কে গাড়ি থেকে নামিয়ে যুবককে চপারের আঘাত

কলকাতা,২০ সেপ্টেম্বর (হি স): খাস কলকাতায় দিনে দুপুরে যুবককে চপারের আঘাত। গাড়ি থেকে নামিয়ে যুবককে চপারের আঘাত, পলাতক অভিযুক্ত। রবিবার দুপুরে এরকমই ঘটনা ঘটে রিজেন্ট পার্কে কুঁদঘাট ইটখোলা এলাকায়।

জানা যাচ্ছে, এদিন দুপুর ২.৩০ নাগাদ হঠাৎই রিজেন্ট পার্কে কুঁদঘাট ইটখোলা এলাকায় এক যুবককে গাড়ি থেকে নামিয়ে চপার দিয়ে আঘাত করা হয়। আক্রান্ত যুবকের নাম সুশান্ত দে। আক্রান্ত যুবকের পরিবারের তরফে দাবি, বিশ্বকর্মা পুজোর আগের দিন গাড়ি ধোয়াকে কেন্দ্র করে গন্ডগোল হয় আক্রান্ত যুবক ও অভিযুক্তর মধ্যে।

## বর্তমান সময়ের প্রেক্ষিতে 'আমরা বাঙালী' আন্দোলনের প্রাসঙ্গিকতা

**এইচ এন মাহাতো**

আমরা বাঙালীর মৌলিক উদ্দেশ্য হলো সামাজিক অর্থনৈতিক দর্শন প্রাউডের আলোকে বিশ্বব্যাপী শোষণ মুক্ত এক মানব সমাজ ঘটন। বিশ্বের শোষিত মানুষের শোষণ মুক্তি ঘটাতে হলে সারা পৃথিবীর সকল মানুষের ভাষা ও সংস্কৃতি প্রতি পূর্ণ শ্রদ্ধা ও নতুন করে মূল্যায়নের প্রয়োজন। সার্বিক হিতের কথা চিন্তা করে প্রতিটি অঞ্চলের আর্থনৈতিক উন্নয়ন, ভাষা কৃষ্টি সংস্কৃতি সুরক্ষা ও বিকাশ ঘটানো, তৎসহ মানবিক মৌলিক অধিকার গুলিকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করা।

মহান দার্শনিক শ্রী প্রভাতরঞ্জন সরকারের প্রগতিশীল সমাতজান্ত্রিক ভাবধারায় প্রবর্তিত প্রাউড (প্রগতিশীল উপযোগী তত্ত্ব) বলেছেন আঞ্চলিকতার শ্রীবৃদ্ধির পথ ধরে বিশ্বৈকতাবাদের প্রতিষ্ঠা করা।


একটি সুন্দর মানব সমাজ গড়তে হলে চাই মানব মনিষার পূর্ণ মর্যাদা ও মূল্যায়ন, তৎসহ স্থানীয় নাগরিকগণের শারীরিক সুস্থতা রক্ষা, মানসিক বিকাশ অন্ধবিশ্বাস কুসংস্কার বুজরুকি মুক্ত আধ্যাত্মিক দর্শন সাথে সাথে চাই অন্তর নিহিত সাধনা পদ্ধতির মাধ্যমে মানুষের ধর্মবোধ জাগানো ও নীতিবাদী তৈরি করার প্রয়াস। যা বর্তমান পরিস্থিতিতে খুবই প্রয়োজন। শিবোত্তর সময় থেকে মানুষের মধ্যে সমাজ তৈরি করার যে প্রবণতা তৈরি হয়েছিল তাহা মূলত নদী তীবরতী সমভূমিতে ও পাহাড়ের কোলে কোলে। কারণ মানুষ তখন গৃহ নির্মাণ করতে শেখেনি। সেই সময় মানব মনিষার প্রথম প্রদক্ষেপ ছিলো সৃষ্ট জগতের সকলের যেমন বাঁচাবার আধিকার দেওযা তেমনি ওই অঞ্চলের অর্থনৈতিক শ্রীবৃদ্ধি ও আঞ্চলিক বৈষম্যগুলিকে দূর করে একটি সুসামঞ্জস্য পরিকল্পনার মাধ্যমে নিরপেক্ষ ভাবে সকল সমস্যা সমাধানের সুষ্ঠু পরিবেশ তৈরি করা। ঐতিহাসিকদের বক্তব্য অনুযায়ী সারা ভারতে ৪৪ টি আঞ্চলিক ভাষার ওপর ভিত্তিকরে ও সমগ্র বিশ্বে ২৫০ টির বেশি অঞ্চলিক সমাজ আমরা দেখতে পাই। মহান দার্শনিক শ্রীপ্রভাতরঞ্জন সরকারের লিপিবদ্ধ কণিকায় প্রাউড (১-১৪ খণ্ড) ও অভিমত (১-৯ খণ্ড), প্রাউডের অর্থনীতি, প্রাউডের রূপরেখা প্রাউডের প্রবচন, মানুষের সমাজ (১-২ খণ্ড) আজকের সমস্যা, দেশেপ্রেমিকদের প্রতি বুদ্ধির মুক্তি ও নব্যমানবতাবাদ, কনিকায় নব্যমানবতাবাদ ও বিভিন্ন সামাজিক অর্থনৈতেক দর্শনের বই গুলো বিশ্লেষণ করলে একটাই মূলমন্ত্র পাওয়া যাবে তাহা হলো একটি সুস্থ মানব সমাজ গড়তে হলে প্রথমেই স্থানীয় সমস্যা গুলোর স্থায়ী সমাধান ও মানুষের ন্যূনতম প্রয়োজন মেটাবার সুব্যবস্থা করা তা না করে বড়ো কিছু সমাজের সংশোধনেরও পরিবর্তনের চিন্তা আকাশ কুসুম কল্পনা মাত্র। সে ক্ষেত্রে তিনি আরো বলেছেন, নীতিবাদের স্ফুরণ থেকে বিশ্বৈকতাবাদের প্রতিষ্ঠা এটাই সর্বাঙ্গীন কল্যাণের পরিধি। নচেৎ দেশের বা রাজ্যের নীতি হীনদের নিয়ে যতই পরিবর্তন আসুক না কেন কোনোটাই মানুষের উপকারে লাগবে না। কারণ রাজনৈতিক বা অর্থনৈতিক বিশেষজ্ঞরা একটাই পথ বোঝে—কিভাবে সাধারণ মানুষের মাথায় কাঁঠাল ভেঙে নিজের সার্থ সিদ্ধি করা।

দার্শনিক শ্রী প্রভাতরঞ্জন সরকার প্রগতিশীল উপযোগী তত্ত্বে বলেছেন সামাগ্রিক ভাবে সকল অঞ্চলের একইসাথে উন্নয়ন করতে যে পরিকাঠামো দরকার তাহা এই মুহূর্তে অসম্ভব। একটি অঞ্চলের সামাজিক, অর্থনৈতিক, মানবিক মূল্যবোধে, নৈতিকতা,শিক্ষা, সংস্কৃতি, শিল্প, কৃষি, বাণিজ্যিক, যোগাযোগ ব্যবস্থা সহ সাধারণ মানুষের মিনিমাম গ্যারান্টি সহকারে কর্মসংস্থান ও ক্রয় ক্ষমতা বৃদ্ধির সুষ্ঠু পরিকল্পনার জন্য ব্লক ভিত্তিক পরিকল্পনার সঙ্গে সঙ্গে বিশ্বৈকতাবাদের ভাবনাও সঞ্চারিত করা। মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করতে হলে কোনো একটি অঞ্চল থেকেই সুত্রপাত করতে হয়। সেই অঞ্চলের উন্নয়ন বা শ্রীবৃদ্ধি হলেই অন্য অঞ্চলের জনগণ তাদের অঞ্চলের উন্নয়ন বা শ্রীবৃদ্ধি করতে এগিয়ে আসবে। আর এই শ্রীবৃদ্ধি ঘটাতে নীতিবাদীদের অগ্রণী ভূমিকা নিতে হবে। সেটাই হবে সমস্যা সমাধানের একমাত্র পথ। এই পথেই প্রতিটি মানুষ জীবনধারণের ন্যুনতম চাহিদা হাতে পাবে ও ভারতের ৪৪টি সমাজ ও বিশ্বের প্রায় ২৫০ টি সমাজ একটি ছাতার তলায় এসে বিশ্বৈকতাবাদের প্রতিষ্ঠা পাবে। বিশ্বজুড়ে এক মানব সমাজ গড়ে উঠবে।

## বাঁকুড়ার পটুয়াদের গ্রাম

**সুখেন্দু হীরা**

ভূতাত্ত্বিক সময়ানুযায়ী বর্তমান যুগ হল হলোসিন যুগ। হলোসিন যুগ শুরু হয়েছে ১০,০০০ বছর আগে। এর আগে ছিল প্লাইসটোসিন যুগ। প্লাইসটোসিন যুগ শুর হয়েছিল আড়াই লক্ষ বছর আগে। এই প্লাইসটোসিন যুগে মানুষের আবির্ভাব হয়েছিল। মানুষ প্রথমে বনে জঙ্গলে থাকত, গাছের কোটরে রাত্রিবাস করত। এই সময় পৃথিবীর বুকে নেমে এসেছিল হিমযুগ। মানুষকে তখন পর্বতের গুহায় আশ্রয় নিতে হয়েছিল। তখন মানুষ অবসর সময়ে গুহার গায়ে এঁকে ফেলল ছবি। মনের অব্যক্ত ব্যঞ্জনা প্রকাশ হলে হাতের মাধ্যমে। তখনও হয়ত মানুষ ভাষা আয়ত্ত করেনি। তবে তার আগে আয়ুধের ওপর প্রাগৈতিহাসিক মানুষ চিত্র খোদাই করত। আবার মানব সভ্যতার নিরিখে প্রথমে হল প্রস্তর যুগ। প্রস্তর যুগের তিনভাগ। প্রত্ন-প্রস্তর যুগ, মধ্য প্রস্তর যুগ এবং নব্য প্রস্তর যুগ। প্রত্ন প্রস্তর যুগ আবার তিনি ভাগ নিম্ন, মধ্য এবং উচ্চ । উচ্চ প্রত্ন প্রস্তর যুগের মানুষ সৃষ্টি করেছিল চিত্রকলা। এই যুগের সময়সীমা ছিল ৫০ হাজার থেকে ১২ হাজার বছর আগে। প্রস্তর যুগ শুরু হয়েছিল প্রাইসেটসিন যুগের মাঝামাধি সময়ে। হিমযুগ শেষে মানুষ বেরিয়ে এল গুহা ছেড়ে। স্থাপিত হল গ্রাম। গুহার দেওয়াল ছেড়ে চিত্রকলা স্থান পেলে অন্যত্র। যেমন কাপড়, কাগজ, ঘরের দেওয়াল এবং পটে। পট কথাটি নাকি এসেছে পট্ট থেকে পট্ট শব্দের অর্থ কাপড়। আগে পটচিত্র কাপড় আঁকা হত। এখন সাধারণ কাগজে আঁকা হয়। আদিম মানুষের চিত্রকলাকে তিনভাগে ভাগ করা যায়। (১) অলংকার মূলক, নিজের বাস্থান বা অস্ত্রশস্ত্র সুন্দরকরে সাজিয়ে রাখার জন্য ছবি আঁকত। (২) আত্মপ্রকাশ মূলক মনের ভাব প্রবাশ বা কোন জিনিস বর্ণনা করার জন্য ছবি আঁকত। (৩) সংস্কার বা জাদু মূলক মানুষ বিশ্বাস বা সংস্কারবশত কিছু ছবি আঁকত নিজেদের মঙ্গল কামনায় বা ঈশ্বরকে তুষ্ট করতে।





পটচিত্রে যে ছবি দেখা যায় তা মূলত আদিম জাদু বিশ্বাস সংক্রান্ত। যেমন যম পট, চক্ষুদান পট, আদিবাসীদের। এছাড়া আছে ধর্মীয় পটচিত্র ও মনোরঢ়জন পটচিত্র। ধর্মীয় পটচিত্রে বিভিন্ন দেবদেবীর লালী বর্ণনা/মহাত্মা বর্ণনা করা হয়। আর বিভিন্ন বিষয় উঠে আসে মনোরঞ্জন পটচিত্রে। এর মধ্যে পড়ে যায় বর্তমান সমাজ সচেতনতামূলক পট। এই জাদু পট দেখতে গেলে আপনাদের যেতে হবে বাঁকুড়া জেলায়।

পৃথিবীর মধ্যে সবচেয়ে পুরাতন গুহাচিত্রের উদাহরণ পাওয়া গেছে ফ্রান্সের আলতামিরা'র একটি গুহার। ভারতের প্রাচীন নিদর্শন দেখা যায় অজন্তয়। এই অজন্তার চিত্রধারা অন্ধ্র, ওড়িশা, ছোটনাগপুর মালভূমির মধ্য দিয়ে বাংলার পটচিত্রে ঠাঁই পেয়েছিল ছোটনাগপুর মালভূমি সংলগ্ন বাঁকুড়া জেলাতে অনেক গ্রামে আগে পটচিত্র আঁকা হত। সেখানে এখন চিত্রকার পদবির অনেক পটুয়াদের বাস আছে। তবে বেশিরভাগ জায়গায় তারা আর ছবি আঁকেন না। পটুয়াদের কথা বললেই প্রথমে আসবে বেলিয়াতোড়ের পটুয়াদের কথা। বিশ্ববিখ্যাত শিল্পী যামিনী রায় অনুপ্রাণিত হয়েছিলেন এই পটুয়াদের কাছ থেকে। বেলিয়াতোড়ের পটুপাড়ায় এখন আর কেউ পট আঁকেন না। বর্তমান বাঁকুড়া জেলার দুটি গ্রামে পটুয়ারা পটশিল্পের চর্চা করে যাচ্ছেন টিমটিম করে। গ্রাম দুটি হল ছাতনা থানার অন্তর্গত ভরতপুর গ্রাম এবং হীড়বাঁধ থানার অন্তর্গত নোয়াডিহি গ্রাম। পটুয়া বা চিত্রকররা প্রধানত পট এঁকে বাড়ি বাড়ি ঘুরে পট দেখিয়ে গান শুনিয়ে উপার্জন করে। গাম শোনানোর জন্য প্রয়োজন হয় জড়ানো পট।

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।




রবিবার আগরতলায় বিজেপি সদর কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বিজেপি মুখপাত্র নবেন্দ্র ভট্টাচার্য। ছবি- নিজস্ব।

# রবিবার বরাক উপত্যকার তিন জেলায় করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন মোট ৮২ জন

শিলচর (অসম), ২০ সেপ্টেম্বর (হি.স.) : রবিবার বরাক উপত্যকার তিন জেলায় করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন মোট ৮২ জন। তাঁদের মধ্যে কাছাড় জেলায় ৪৮ জন, করিমগঞ্জ জেলার ২৩ জন এবং হাইলাকান্দি জেলার ১১ জন রয়েছেন।

জেলা স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে, কাছাড় জেলায় করোনা ভাইরাসে যে নতুন ৪৮ আক্রান্ত হয়েছেন তাঁদের মধ্যে ৩৫ জনকে রেপিড অ্যান্টিজেন টেস্টে শনাক্ত করা হয়েছে। বাকি ১৩ জন ধরা পড়েছেন পিআর-পিসিআর টেস্টের মাধ্যমে। আজ মোট ৬৭৪ জনকে রেপিড অ্যান্টিজেন টেস্টে করানো হয়েছিল।

এদিকে শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে করোনা আক্রান্ত হয়ে কাছাড় জেলার একজন প্রাণ হারিয়েছেন। তবে স্টেট ডেথ অডিড বোর্ডের সিদ্ধান্ত এখনও আসেনি।

এদিকে, করিমগঞ্জ জেলায় রবিবার মোট ২৩ জনকে কোভিড পজিটিভ হিসেবে শনাক্ত করা হয়েছে। সবাই রেপিড অ্যান্টিজেন টেস্টে ধরা পড়েছেন। এদিন মোট ৩৬৬ জনের রেপিড টেস্ট হয়। এ পর্যন্ত জেলায় মোট আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৫২৫ জন। সুস্থ হয়ে উঠেছেন ২ হাজার ৯৪০ জন। রবিবার সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৪৫ জন রোগী।

এছাড়া হাইলাকান্দি জেলায় আজ আরও ১১ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ২,৮৮৪ জনে। আজ যাদের শনাক্ত করা হয়েছে তাদের মধ্যে ১০ জনই রেপিড অ্যান্টিজেন টেস্টে। বাকি এক জন ধরা পড়েছেন পিআরপিসিআর টেস্টের মাধ্যমে। বর্তমানে সক্রিয় রোগী রয়েছে ২২০ জন। জেলায় করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১১ জনের।

# বাংলাদেশে শীতকালে করোনা পরিস্থিতি আরো খারাপ হতে পারে : শেখ হাসিনা

মনির হোসেন,ঢাকা,সেপ্টেম্বর ২০।। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আসন্ন শীতকালে কোভিড-১৯ পরিস্থিতি আরো খারাপ হতে পারে উল্লেখ করে এই মুহূর্ত থেকেই তা মোকাবিলায় প্রস্তুতি গ্রহণ করতে সংশ্লিষ্ট সবার প্রতি নির্দেশ দিয়েছেন।

৩৪টি বাণিজ্যিক ব্যাংকসহ বিভিন্ন সংগঠনের কাছ থেকে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ ফান্ডে অনুদান গ্রহণকালে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, শীতকাল আসন্ন। কোনো কোনোক্ষেত্রে করোনা পরিস্থিতির আরো অবনতি ঘটতে পারে। আমাদেরকে এই মুহূর্ত থেকেই তা মোকাবিলার জন্য প্রস্তুতি নিতে হবে।

প্রধানমন্ত্রী রোববার গণভবন থেকে এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই অনুদান হস্তান্তর অনুষ্ঠানে যোগ দেন। প্রধানমন্ত্রীর প থেকে তার মুখ্য সচিব ড় আহমদ কায়কাউস প্রধানমন্ত্রীর কার্যালয় (পিএমও) প্রাঙ্গণে এই অনুদানের চেক গ্রহণ করেন। করোনা মোকাবিলায় জাতির সহায়তায় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে এই আর্থিক অনুদান দেয়ার জন্য শেখ হাসিনা সংগঠনগুলোর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, সবাই এই পরিস্থিতিতে (করোনাকালে উদ্ভূত পরিস্থিতিতে) অত্যন্ত আন্তরিকতার সঙ্গে কাজ করেছেন। আর এ জন্যই আমরা এই করোনা পরিস্থিতি মোকাবিলা করতে সম হয়েছি। কোভিড-১৯-এর অভিঘাত থেকে দেশের অর্থনীতিকে মুক্ত রাখতে প্রণোদনা প্যাকেজ ঘোষণাসহ সরকারের আন্তরিক প্রচেষ্টার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী আরো বলেন, আমরা দেশের ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতিকে সচল রাখতে কার্যকরী পদপে গ্রহণ করেছি। আমরা প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছি এবং যেখানে যা প্রয়োজন তাই দিয়েছি। কারণ জনগণের সেবা করাই আমাদের প্রধান ল্য। বাংলাদেশের যে কোনো সংকটে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংক (বিএবি) তাদের হাত বাড়িয়ে দেয়ায় প্রধানমন্ত্রী তাদের ধন্যবাদ জানান।

# রবিবার রামপুরহাট ও কান্দি পৌরসভায় শুরু হল ডেঙ্গু অভিযান কর্মসূচি

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি. স.): বিশ্ব জুড়ে করোনা রাজ করলেন পশ্চিমবঙ্গে এখন এর দোসর হচ্ছে ডেঙ্গুও। তাই রাজ্যের অন্যান্য জেলার পাশাপাশি বীরভূম জেলার রামপুরহাট পৌরসভার উদ্যোগে রবিবার থেকে শুরু করা হল ডেঙ্গু অভিযান কর্মসূচি। এদিন ডেঙ্গু বিজয় অভিযান পালন করা হয় মুর্শিদাবাদের কান্দি পৌরসভার পক্ষ থেকেও।

রবিবার রামপুরহাট পৌরসভা অফিসের সামনে থেকে ডেঙ্গু অভিযান নিয়ে বিশেষ কর্মসূচী অনুষ্ঠানের আয়োজন করা হয়।উপস্থিত ছিলেন পৌরপতি অশ্বিনী তেওয়ারী,ডেপুটি ম্যাজিস্ট্রেট রামপুরহাট মহুকুমা অফিস এস আই সুসেন মণ্ডল, সাব এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার ডাল্টন চ্যাটার্জী এবং অন্যান্য আধিকারিকবৃন্দ।

পৌরসভার এই বিশেষ কর্মসূচিতে এই ডেঙ্গু অভিযান যাত্রা শুরু করা হয়, যাতে আগামী দিনে শহরকে ডেঙ্গু মুক্ত করা যায়।পৌর প্রশাসক অশ্বিনী তেওয়ারী জানান এ শহর আপনার। একজন সচেতন পৌর নাগরিক হিসাবে এই শহরকে পরিষ্কার রাখার দায়িত্ব পৌরসভার সঙ্গে আপনারও।যত্রতত্র ময়লা ফেলবেন না। নির্দিষ্ট জায়গায় ময়লা ফেলুন। বাড়িতে বা বাড়ির আশেপাশে জল জমতে দেবেন না।বাড়িতে জমা জলকে জমতে দেবেনা। কারন যেকোন আবদ্ধ জলে মশার লার্ভা তৈরি হয়।সেইজন্য আপনার বাড়িকে এর থেকে মুক্ত রাখুন।

এদিন ডেঙ্গু বিজয় অভিযান পালন করা হয় মুর্শিদাবাদের কান্দি পৌরসভার পক্ষ থেকেও। রবিবার কান্দি পৌরসভার উদ্যোগে কান্দি পৌরসভা থেকে বাসস্ট্যান্ড পর্যন্ত একটি মিছিল বের হয়। এই মিছিলে উপস্থিত ছিলেন কান্দি পৌরসভার প্রশাসক অপূর্ব সরকার ও প্রাক্তন পৌর সদস্য সদস্যা ও পৌরকর্মচারীরা।

# শহিদ কনকলতার আত্মবলিদান দিবস উদযাপন শিলচরে

শিলচর (অসম), ২০ সেপ্টেম্বর (হি.স.) : ভারতের স্বাধীনতা আন্দোলনের অমর শহিদ কনকলতা বরুয়ার আত্মবলিদান দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করেছে এআইডিএসও, এআইডিওয়াইও, এআইএমএসএস এবং কমসোমল-এর কর্মীরা। সংগঠনগুলির পক্ষ থেকে আজ রবিবার শিলচরের ক্ষুদিরাম মূর্তির পাদদেশে অস্থায়ী বেদি স্থাপন করে মাল্যদান করেন গৌরচন্দ্র দাস, পল্লব ভট্টাচার্য সহ অন্যান্যরা।

কনকলতা আত্মবলিদান দিবস উপলক্ষ্যে এআইডিএসও-র অসম প্রদেশ কমিটির পক্ষ থেকে রাজ্য ভিত্তিক রচনা প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসইউসিআই (কমিউনিস্ট) দলের অসম রাজ্য কমিটির সম্পাদক চন্দ্রলেখা দাস। তিনি অনলাইনে কনকলতার আত্মবলিদান দিবস পালনের তাৎপর্য ব্যাখা করেন। তিনি বলেন, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে অসমের কিশোরী কনকলতার বিয়াল্লিশের ভারতছাড়ো আন্দোলনে বলিদান মেয়েদের স্বাধীনতা আন্দোলনের অংশগ্রহণে অনুপ্রাণিত করেছিল। তিনি প্রশ্ন তুলেন, কনকলতা যে স্বাধীনতা চেয়েছিলেন তা কি আমরা পেয়েছি? দেশ রাজনৈতিক ভাবে স্বাধীন হলেও অর্থনৈতিক ও

ছয়ের পাতায়

# করোনা হারিয়ে বাড়ি ফিরলেন মহারাষ্ট্রের ১০৬ বছরের বৃদ্ধা

থানে, ২০ সেপ্টেম্বর (হি.স.): করোনা ভাইরাসকে জয় করলেন মহারাষ্ট্রের ১০৬ বছরের বৃদ্ধা।করোনাকে হার মানিয়ে রবিবার হাসপাতাল থেকে বাড়ি ফিরলেন তিনি মহারাষ্ট্রের থানের ওই বাসিন্দা। এদিন হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয় তাঁকে।যাওয়ার সময় হাসপাতালের নার্স ও ডাক্তারেরা তাঁকে সম্মানও জানিয়েছেন।

সোশ্যাল মিডিয়ায় ওই হাসপাতালের এক ডাক্তার ডিসচার্জ সার্টিফিকেট হাতে নিয়ে বৃদ্ধার একটি ছবি শেয়ার করেছেন। এমনকী হাসপাতালে উপস্থিত মিডিয়াকেও সেই ডিসটার্জ সার্টিফিকেট শো করেছেন তিনি। এবং আশ্চর্য ভাবে ১০ দিনেই করোনাকে হারিয়েছেন তিনি। ডোম্বিভালির ক্যান্টিন চালান এই মহিলা করোনা আক্রান্ত হওয়ার পর কোনও হাসপাতাল তাঁকে ভরতি নিতে রাজি হচ্ছিল না। এর পর কল্যাণ ডোম্বিভালির মিউনিসিপাল কর্পোরেশনের সভলারাম ক্রিদা সংকুল (স্পোর্টস কমপ্লেক্স)-এ করোনা রোগীদের জন্য যে ব্যবস্থা করা হয়েছিল সেখানেই ভরতি করা হয়েছিল বৃদ্ধাকে। সেখানকার ডাক্তার ও নার্সদের যত্নে ফের একবার প্রাণ ফিরে পেয়েছেন মহিলা। তবে করোনাকে জয় করে শেষ পর্যন্ত হাসপাতাল থেকে বাড়ি ফেরার ঘটনায় বেজায় খুশি পরিবারের সদস্যরা।

# মুজিববর্ষ: বাংলাদেশ জাতীয় সংসদের বিশেষ অধিবেশন ‘নভেম্বরে’

মনির হোসেন,ঢাকা,সেপ্টেম্বর ২০।। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ উপলে আবারও বাংলাদেশ জাতীয় সংসদের বিশেষ অধিবেশন ডাকার উদ্যোগ নেওয়া হচ্ছে।

জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী রোববার বলেন, “নতুন করে বিশেষ অধিবেশন আহ্বানের চিন্তা করা হচ্ছে। নভেম্বরে অধিবেশনটি হতে পারে।”বঙ্গবন্ধুর জন্ম শতবর্ষ উপলে এর আগে গত ২২-২৩ মার্চ বিশেষ অধিবেশন ডাকেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। কিন্তু করোনাভাইরাস মহামারীর কারণে পরে তা স্থগিত করা হয়। মুজিববর্ষ উপলে জাতীয় সংসদের সংশোধিত কর্মসূচি নিয়ে রোববার সংসদে একটি বৈঠক হয়। সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব তাতে সভাপতিত্ব করেন। মার্চের অধিবেশন স্থগিত করার আগে বিদেশি অতিথিদের আমন্ত্রণ জানানোর প্রস্তুতি নেওয়া হয়েছিল। এবারও তাদের আমন্ত্রণ জানানো হবে কিনা সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।এছাড়া মুজিববর্ষ উপলে ১০টি কর্মসূচি নিয়েছে জাতীয় সংসদ। এর মধ্যে বৃক্ষরোপণ কর্মসূচি এখনও চলছে। এছাড়া নভেম্বরে মুজিব বর্ষের ওয়েবসাইট উদ্বোধন, স্মারক ডাকটিকিট উন্মোচন, ৪ নভেম্বর সংবিধান দিবস উদযাপন, মাসব্যাপী আলোকচিত্র ও প্রামাণ্য দলিল প্রদর্শনী, ‘সংসদে বঙ্গবন্ধু’ বইয়ের প্রকাশনা অনুষ্ঠান, শিশুমেলাসহ বিভিন্ন কর্মসূচি রয়েছে।

# রিয়াল ছেড়ে টটেনহ্যামে যোগ দিলেন বেল

নয়াদিল্লি, ২০ সেপ্টেম্বর (হি.স.): লা লিগাকে বিদায় জানালেন স্প্যানিশ ক্লাব ফুটবলের অন্যতম জনপ্রিয় মুখ গ্যারেথ বেল। জল্পনাকে সত্যি করে রিয়াল ছেড়ে টটেনহ্যামে যোগ দিলেন বেল। টটেনহ্যাম ক্লাবে বেলের উপস্থিতি স্বাভাবিকভাবেই আকর্ষণ বাড়াবে ইপিএলের। গ্যারেথ বেলের টটেনহ্যামে আসার খবরে যারপরনাই খুশি কোচ হোসে মোরিনহো।

২০১৩ সালে টটেনহ্যাম হটস্পার ছেড়ে রেকর্ড পারিশ্রমিকে রিয়াল মাদ্রিদে যোগ দিয়েছিলেন গ্যারেথ বেল। রিয়ালের হয়ে তার বর্ণাঢ্য কেরিয়ারে ৪টি চ্যাম্পিয়ন্স লিগ ও কোপা ডেল রে, ২টি উয়েফা সুপার কাপ, ৩টি ফিফা ক্লাব বিশ্বকাপের শিরোপা জিতেছেন ওয়েলসের এই তারকা ফুটবলার। কিন্তু পুরনো ফর্ম থেকে তিনি এখন অনেকটাই দূরে। ফলে স্বাভাবিকভাবেই জিদান জানিয়ে দিয়েছিলেন, নতুন মরশুমে তাঁর পরিকল্পনায় নেই বেল।

ছয়ের পাতায়

# বাংলাদেশের গনমাধ্যম এক শ্রেনীর অপেশাদার সাংবাদিকের কারনে কলুষিত

মনির হোসেন,ঢাকা,সেপ্টেম্বর ২০।। বাংলাদেশের নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জের আওয়ামী যুবলীগ নেতা ও বিশিষ্ট উদীয়মান তরুন ব্যবসায়ী সাদ্দাম হোসেন বলেন,একজন ব্যবসায়ী ও রাজনৈতিক কর্মীকে পুলিশের সোর্স উল্লেখ করে তার ব্যক্তিগত চরিত্র হনন করে মিথ্যা সংবাদ পরিবেশন করা ডিজিটাল নিরাপত্তা আইনের পরিপন্থী। স্বাধীন গনমাধ্যম আজ এক শ্রেনীর অপেশাদার ও হলুদ সাংবাদিকের কারনে কলুষিত হচ্ছে। এদের বিরুদ্ধে অবিলম্বে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ নেয়া দরকার।অন্যথায় জাতি গনমাধ্যমের ওপর থেকে আস্থা হারিয়ে ফেলবে বলে তিনি মনে করেন।

গতকাল রবিবার তার নিজস্ব ফেইসবুক পেজে এক আবেগগন স্ট্যাটাসে তিনি আরো বলেন,আমরা ছোটখাটো ব্যবসায়ী ও পাশাপাশি আওয়ামী যুবলীগের রাজনৈতিক কর্মী।আমরা সব সময় পুলিশ এবং সাংবাদিকদেরকে জাতির বিবেক হিসেবে জেনে এসেছি এবং এখনো তা বিশ্বাস করি।পুলিশ এবং সাংবাদিক দেশ ও জাতির জন্য কল্যাণ দায়ক লোক। কারণ সাংবাদিকদের মাধ্যমে আমরা দেশের বিভিন্ন অঞ্চলের খবরাখবর পেয়ে থাকি এবং দেশের গুরুত্বপূর্ণ সংবাদ প্রকাশের মাধ্যমে দেশের কল্যাণ বয়ে আনে।সেই সংবাদের মাধ্যমে আইন শৃঙ্খলা বাহিনীর পুলিশ, সিআইডি এবং বিভিন্ন সংস্থার লোকেরা অন্যায় ও দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে থাকে। তারা দেশের জন্য কাজ করা মানেই জনগণের পে কাজ করা, তাই সব সময় আমরা পুলিশ এবং সাংবাদিকদেরকে সম্মান করে আসি। কারণ তাদের মাধ্যমে দেশের সর্বেত্রে অন্যায় অপরাধের চিত্র উঠে আসে এবং প্রকৃত অপরাধীরা আইনের আওতায় এসে থাকে। ফলে তাদের মুখোশ উন্মোচন হয় ও অপরাধ অনুসন্ধানের মাধ্যমে খুঁজে পাওয়া সম্ভব। তবে বর্তমানে সাংবাদিকতার নামে কিছু সংখ্যক লোক ও মিথ্যা তথ্য প্রদানকরে নানা অপকৌশল অবলম্বন করে সাংবাদিকতার মুখোশ পড়ে বিভিন্ন স্বার্থ হাসিল করার জন্য নির্দোষ ব্যক্তিদের নামে কুৎসা রটাতে নিয়োজিত থাকে।

সাদ্দাম হোসেন বলেন ,স্পষ্টভাষী শিতি জাতির বিবেক কোটি কোটি মানুষের আস্থা এবং দেশের সম্মানিত জায়গায় স্থান পাওয়া একটি শব্দ সাংবাদিক। সেই প্রকৃত সাংবাদিকতাকে কলঙ্কিত ও দুর্নাম করার জন্য একটি চক্র উঠে পড়ে লেগেছে।তিনি বলেন, ভন্ড, চাঁদাবাজ ও দুর্নীতি পরায়ন ব্যক্তিদেরকে আপনাদের কাছ থেকে বিরত রেখে জাতিকে মুক্ত করুন এবং জাতির আস্থা সাংবাদিকতার উপর যেন সব সময় থাকে সেই ব্যবস্থা নেয়ার জন্য তিনি অনুরোধ জানান। তিনি বলেন, কিছু অনলাইন পত্রিকায় দেখতে পেলাম আমাকে জড়িয়ে ঢাহা মিথ্যা তথ্য দিয়ে সংবাদ প্রকাশ করা হয়েছে, যা সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত ও বেআইনি এবং ডিজিটাল নিরাপত্তা আইনের পরিপন্থী। কারণ একজনের নামে কিছু লিখার আগে সঠিক তথ্য জেনে নিতে হয়। আমার মনে হয় সে যদি প্রকৃত সংবাদকর্মী হয়ে থাকে আমি তাকে চ্যালেঞ্জ করলাম,এমন কোন তথ্য বা ডকুমেন্ট দিতে পারলে আমাকে জাতি যা বিচার করবে সবার সম্মুখে মাথা পেতে নেব। আর দিতে না পারলে সম্মানের সহিত বলছি,আপনি জাতির কাছে মা চান।

আপনাদের সাথে আমাদের ব্যক্তিগত কোনো বিরোধ নেই এবং কারো সাথে ব্যক্তিগত কোনো সম্পর্ক নেই। আমাদের জড়িয়ে মিথ্যা তথ্য প্রচারে দয়াকরে বিরত থাকুন, না হয় আপনাদের মত কিছু সংবাদকর্মীদের জন্য জাতি সংবাদ ও গণমাধ্যমের ওপর আস্থা হারিয়ে ফেলবে। এদিকে,গত শনিবার ১৯ সেপ্টেম্বর এনএনএস ২৪ ডটকম নামে একটি অনলাইনে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জের আওয়ামী যুবলীগ নেতা ও বিশিষ্ট উদীয়মান তরুন ব্যবসায়ী সাদ্দাম হোসেন এর নামে অসত্য সংবাদ পরিবেশন করে।এতে উল্লেখ করা হয় , গোদনাইল বার্মা ষ্ট্যান্ড ও এসওরোড এলাকায় পদ্মা ও মেঘনা অয়েল ডিপোকে কেন্দ্র করে গড়ে উঠেছে শতাধিক অবৈধ চোরাই তেলের দোকান। ঐ সকল চোরাই তেলের দোকান থেকে সাদ্দাম ওরফে মোটা সাদ্দাম নামের এক পুলিশ সোর্সের মাধ্যমে প্রতি মাসে ৫ লাখ টাকা নেয়া হয় বলে জানান স্থানীয় সূত্র। তবে মাসোহারা দেওয়ার কথা স্বীকার করলেও চোরাই তেলের ব্যবসার কথা অস্বীকার করেছেন সাদ্দাম ওরফে মোটা সাদ্দাম। তিনি বলেন, খোলা বাজারে তেল বিক্রি করার কারণে এ টাকা দিতে হয় থানার ওসিকে। অন্যথায় আমাদের ব্যবসা বন্ধ করে দিবে পুলিশ।

এব্যাপারে সিদ্ধিরগঞ্জের আওয়ামী যুবলীগ নেতা সাদ্দাম হোসেন বলেন,আমি কোন গনমাধ্যম কর্মীর সাথে কথা বলি নাই।অথচ প্রকাশিত সংবাদে আমার বক্তব্য উল্লেখ করা হয়েছে যা সম্পূর্ন মিথ্যা ও ভিত্তিহীন।এখানে প্রকৃত সত্যকে আড়াল করা হয়েছে।

# কাছাড়ের অরুণাচলে অগ্নিকাণ্ড ভস্মীভূত বাণিজ্যিক প্রতিষ্ঠান

শিলচর (অসম), ২০ সেপ্টেম্বর (হি.স.) : কাছাড় জেলার অরুণাচল বালিঘাটের আল তৌহিদ ক্লথ স্টোর নামের এক কাপড়ের দোকান বিধ্বংসী অগ্নিকাণ্ডে ভস্মীভূত হয়ে গেছে। এই অগ্নিকাণ্ডটি সংঘটিত হয়েছে শনিবার রাত এগারোটা নাগাদ।

প্রতিদিনের মতো দোকানের মালিক রাজনগরের ইয়াহিয়া আহমেদ বড়ভুইয়াঁ তাঁর দোকান বন্ধ করে বাড়ি চলে যান। কিন্তু রাতেই তাঁর দোকানে আগুন ধরে যায়। তখন আশপাশের লোকজন ইয়াহিয়া আহমেদ বড়ভুইয়াঁ এবং তাঁর ভাই রাজনগর গ্রাম পঞ্চায়েত (জিপি) সভাপতি আলি আহমদ বড়ভুইয়াঁকে অগ্নিকাণ্ডের খবর দেন। ইত্যবসরে খবর যায় তারাপুরের অগ্নি নির্বাপক কেন্দ্রে। খবর পেয়ে দুটি ইঞ্জিন নিয়ে অগ্নি নির্বাপক বাহিনী আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে ইয়াহিয়া আহমেদ বড়ভুইয়াঁর দোকান জ্বলে ছাই হয়ে যায়। তবে আশপাশের দোকানে আগুন ছড়াতে পারেনি।

অরুণাচল পুলিশ ফাঁড়ির ইনচার্জ গৌরাঙ্গ নাথও দলবল নিয়ে পৌঁছেন ঘটনাস্থলে। দোকানের কর্ণধার ইয়াহিয়া আহমেদ জানান, তাঁর ক্ষয়ক্ষতির পরিমাণ ৬০ থেকে ৭০ লক্ষ টাকা। তবে আগুন লাগার সঠিক কারণ জানা না গেলেও শর্টসার্কিট থেকে এই দুর্ঘটনা সংঘটিত হয়েছে বলে অনুমান করা হচ্ছে। আজ রবিবার অগ্নিকাণ্ডের খোঁজ নিয়েছেন বড়খলার বিধায়ক কিশোর নাথ, প্রাক্তন বিধায়ক ডা. রুমি নাথ, কুমারপাড়া নিজ জয়নগর জিপি সভানেত্রী ফরিদা পারভিন লস্কর প্রমুখ অনেকে।

# পাকিস্তানে সংখ্যালঘুদের নির্যাতন অব্যাহত

ইসলামাবাদ, ২০ সেপ্টেম্বর (হি. স.): পাকিস্তানে বেড়েই চলেছে সংখ্যালঘুদের উপর নির্যাতনের ঘটনা। রবিবার ফের শিখ সম্প্রদায়ের ২২ বছরের এক যুবতীকে জোর করে অপহরণের অভিযোগ উঠল অজ্ঞাত পরিচয় ব্যক্তিদের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে পাকিস্তান অধিকৃত পাঞ্জাবের অ্যাটক জেলার হাসানবদল শহরে। পুলিশের কাছে অভিযোগ দায়ের করা হলেও এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শিখদের বিখ্যাত ধর্মস্থান পাঞ্জা সাহিব গুরুদ্বারের কাছে একটি জায়গায় পরিবারের অন্য সদস্যদের সঙ্গে বসবাস করতেন ওই যুবতী। হাসানবদল শহরে তাঁর বাবার একটি দোকানও রয়েছে। সম্প্রতি বাড়িতে থেকে ময়লা ফেলার জন্য বেরিয়ে নিখোঁজ হয়ে যান যুবতী। তারপর থেকে আর কোনও খোঁজ পাওয়া যায়নি। মেয়েটির পরিবারের অভিযোগের ভিত্তিতে হাসানবদল থানার পুলিশ তদন্ত শুরু করলেও এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি। খবর মেলেনি নিখোঁজ যুবতীরও।

এপ্রসঙ্গে অ্যাটক জেলা পুলিশের মুখপাত্র সাব ইনস্পেক্টর তাহির ইকবাল জানান, ওই যুবতীর বাবার অভিযোগের ভিত্তিতে অজ্ঞাত পরিচয়ের ব্যক্তিদের বিরুদ্ধে অপহরণের মামলা দায়ের করা হয়েছে। অভিযোগপত্রে মেয়েটির বাবা উল্লেখ করেছেন, নিখোঁজ হওয়ার পরেরদিন তাঁর হোয়াটসঅ্যাপে একটি মেসেজ আসে। তাতে লেখা ছিল, মেয়েটি নিজের ইচ্ছায় ইসলাম ধর্ম গ্রহণ করে একটি মুসলিম যুবককে বিয়ে করেছে। ওই যুবতীর সন্ধানে তল্লাশি চালানো হচ্ছে। তাঁর খোঁজ পাওয়া গেলেই জবানবন্দি রেকর্ড করা হবে।

ছয়ের পাতায়

# এবারও তাঁকে বিধানসভায় পাঠাবেন উত্তর করিমগঞ্জের জনতা, দাবি কংগ্রেস নেতা কমলাক্ষের

করিমগঞ্জ (অসম), ২০ সেপ্টেম্বর (হি.স.) : ভারত-বাংলাদেশে সীমান্ত গ্রাম থেকেই নির্বাচনী মহড়া শুরু করে দিলেন উত্তর করিমগঞ্জের কংগ্রেস বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ। দস্তুরমতো ২১-এর নির্বাচনী বিউগল তিনি বাজিয়ে দিয়েছেন সীমান্ত এলাকায় অনুষ্ঠিত এক সভায়।

দলীয় সভায় বিরোধীদের বিরুদ্ধে হুঙ্কার দিয়ে বিধায়ক কমলাক্ষ বলেন, সাধারণ জনগণের দোয়া ও আশীর্বাদ সঙ্গে থাকলে যে কোনও অপশক্তি পরাভূত হতে বাধ্য। গণতন্ত্রে জনগণই শেষ কথা। প্রথমবার নির্বাচনে অবতীর্ণ হওয়ার পর বিরোধীরা তাঁকে নিয়ে অনেক কটূক্তি ও বিদ্রূপ করেছিলেন। কিন্তু উত্তর করিমগঞ্জ নির্বাচন ক্ষেত্রের জনগণের সমর্থন ও আশীর্বাদ সঙ্গে থাকায় কোনও শক্তিই তাঁকে আটকাতে পারেনি। সমাজের সকল শ্রেণির জনতার বিপুল সমর্থনে ২০১১ সাসে প্রথমবার প্রতিদ্বন্দ্বিতা করে বিধায়ক নির্বাচিত হয়েছিলেন। ২০১৬ সালে এলাকার জনতা দ্বিতীয়বারের মতো বিধায়ক নির্বাচিত করেছিলেন। উন্নয়নের নিরিখে জনগণ এখনও তাঁর পাশে আছেন। তাই আসন্ন ২০২১-এর নির্বাচনেও জনগণের বিপুল সমর্থন নিয়ে তৃতীয় বারের মতো বিধায়ক নির্বাচিত হবেন, দাবি বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থের।

ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী বাঁশবাড়িতে অনুষ্ঠিত জনসভায় যোগ দিয়ে উত্তর করিমগঞ্জের গ্রামাঞ্চলে ”১০৮” (জরুরিকালীন অ্যাম্বুলেন্স) নামে পরিচিত বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ দাবি করেছেন, উত্তর করিমগঞ্জে তিনি অপ্রতিরোধ্য। এবারও কেউ তাঁকে আটকাতে পারবে না। শনিবার রাতে অনুষ্ঠিত সভায় সানীয় এপি মেম্বার তথা দক্ষিণ করিমগঞ্জ আঞ্চলিক পঞ্চায়েতের উপ-সভাপতি নিসার আহমেদ বক্তব্য পেশ করেছেন।

গতকাল রাতে কোভিড প্রটোকল মেনে উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী বাঁশবাড়ি গ্রামীণ সড়কের তেমাথায় প্রচুর জনতার উপস্থিতিতে এলাকার প্রবীণ নাগরিক আব্দুল শুক্কুরের পৌরোহিত্যে ওই সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বক্তব্য পেশ করেছেন সুতারকান্দি-মাইজগ্রাম জেলা পরিষদ সদস্যার প্রতিনিধি এহসান চৌধুরী, কৃষ্ণনগর গ্রাম পঞ্চায়েত এলাকার যুব কংগ্রেস সভাপতি নুর আহমেদ, সানীয় পঞ্চায়েত সদস্য আতিকুর রহমান প্রমুখ।

# তালিবানদের ঘাঁটিতে আফগান সেনা অভিযান, খতম অন্তত ৪০ জঙ্গি

কাবুল, ২০ সেপ্টেম্বর (হি. স.): আফগানিস্তানে তালিবানদের ঘাঁটিতে সেনা অভিযান। শনিবারও উত্তর-পূর্ব প্রান্তে অবস্থিত কুন্দুজ প্রদেশে থাকা তালিবানদের ঘাঁটিতে আফগান বাহিনীর বিমান হামলার ফলে খতম হল কমপক্ষে ৪০ জন জঙ্গি।

শান্তি চুক্তি সাক্ষরিত হলেও এখনও শান্ত হয়নি আফগানিস্তান। এখনও প্রায়দিন দেশের বিভিন্ন জায়গায় বিস্ফোরণ ঘটাচ্ছে তালিবানরা।যার জেরে অব্যাহত রয়েছে সেনার পালটা অভিযান। আফগানিস্তানের স্থানীয় সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে, শনিবার কুন্দুজ প্রদেশের খানাবাদ জেলায় থাকা তালিবানদের ঘাঁটিতে বিমান নিয়ে হামলা চালায় আফগান সেনারা। এর ফলে কমপক্ষে ৪০ জন জঙ্গি খতম হয়। পরে জঙ্গিঘাঁটির সামনে ভিড় করে থাকা সাধারণ মানুষকে জঙ্গি ভেবে হামলা চালানো হলে ১১ জনের মৃত্যু হয়।

ছয়ের পাতায়



রবিবার আগরতলায় সোসাল ডিস্টেন্স বজায় রাখার জন্য ছাতা প্রদান করা হয়। ছবি- নিজস্ব।

## হরেকরকম ◌ হরেকরকম ◌ হরেকরকম

# নতুন জেমস বন্ড টম হার্ডি



সর্বশেষ জেমস বন্ড হিসেবে গত কয়েকটি কিস্তিতে দেখা গেছে অভিনেতা ড্যানিয়েল ক্রেগকে। শোনা যাচ্ছিল, এই চরিত্রে আর দেখা যাবে না তাঁকে। মুক্তির অপেক্ষায় থাকা 'নো টাইম টু ডাই' ছবিটিই তাঁর শেষ কিস্তি। অবশেষে সেটিই সত্যি হচ্ছে।


আয়ারল্যান্ডের দ্য ভ্যালকন পত্রিকা জানিয়েছে, ড্যানিয়েল ক্রেগের স্থলাভিষিক্ত হচ্ছেন আইরিশ অভিনেতা টম হার্ডি। চলতি বছরের জুন মাসে জনপ্রিয় এ সিরিজে যুক্ত হয়েছেন তিনি। 'এজেন্ট ০০৭' চরিত্রে দ্বিতীয় কোনো আইরিশ হিসেবে নাম লেখালেন তিনি। এর আগের আইরিশ জেমস বন্ড হলেন পিয়ার্স ব্রোসনান। ২০১৮ সালে ডেইলি মেইলের সঙ্গে এক সাক্ষাৎকারে টম হার্ডিকে জেমস বন্ড করার পরামর্শ দিয়েছিলেন তিনি। তাঁর মতে, টম ড্যানিয়ালের চেয়েও ভালো বন্ড।

বিখ্যাত ঔপন্যাসিক ইয়ান ফ্লেমিংয়ের কাল্পনিক চরিত্র জেমস বন্ড। ১৯৬২ সাল থেকে সেলুলয়েড পর্দা মাতিয়ে চলেছে দুর্ধর্ষ এই স্পাই। এই চরিত্রে অভিনয় করেছেন শন কনারি, জর্জ ল্যাজেনবি, রজার মুরে, টিমোথি ডাল্টন, পিয়ার্স ব্রসনান ও ড্যানিয়েল ক্রেগ। টম হার্ডি হতে যাচ্ছেন সপ্তম 'এজেন্ট ০০৭'। ১৯৭৭ সালে জন্ম নেওয়া টম হার্ডি অভিনয়ে ক্যারিয়ার শুরু করেন ২০০০ সালে। একই সময়ে তিনি টেলিভিশন ও সিনেমায় কাজ শুরু করেন। মার্ভেল কমিকসের 'ভেনম' চরিত্রে অভিনয় করেছেন এই তারকা। হঠাৎ করেই টুইটারে ভেসে উঠল এক বার্তা। পায়েল ঘোষ নামের এক বাঙালি অভিনয়শিল্পী সেখানে ভারতীয় নির্মাতা অনুরাগ কশ্যপের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ তুলেছেন। পোস্টটি ট্যাগ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে। পায়েলের টুইটে লেখা, 'অনুরাগ কশ্যপ আমাকে ধর্ষণ করতে চেয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আপনি প্রয়োজনীয় ব্যবস্থা নিন। একজন সৃষ্টিশীল মেধাবী নির্মাতার আড়ালে একটা দানব লুকিয়ে আছে। এই দেশের সামনে সেই দানবের আসল চেহারা উন্মোচিত করুন। আমি জানি, আমার ক্ষতি হতে পারে। আমার নিরাপত্তা নিয়েও আমি শঙ্কিত। আমাকে সাহায্য করুন প্লিজ।'

এই পোস্ট প্রকাশের প্রায় সঙ্গে সঙ্গেই কঙ্গনা রনৌত টুইটটি রিটুইট করে লেখেন, 'প্রতিটি কণ্ঠস্বর গুরুত্বপূর্ণ।' এর সঙ্গে তিনি 'হ্যাশট্যাগ মিটু' ও 'হ্যাশট্যাগ অ্যারেস্ট অনুরাগ কশ্যপ' জুড়ে দেন। যদিও এখন পর্যন্ত প্রধানমন্ত্রীর দপ্তর বা প্রধানমন্ত্রী নিজে এই টুইটের জবাব দেননি। তবে জাতীয় মহিলা সুরক্ষা কমিশনের সভাপতি রেখা গোস্বামী পায়েলকে ট্যাগ করে একটি টুইট করেছেন। তিনি লিখেছেন, 'আপনি মহিলা সুরক্ষা কমিশন বরাবর লিখিত অভিযোগ জানাতে পারেন। কমিশন বিষয়টি দেখবে।' কঙ্গনা আর অনুরাগের দা-কুমড়ো সম্পর্ক বলিউডের কারও অজানা নয়। এদিকে তাপসী পান্নু আর স্বরা ভাস্কর আবার অনুরাগের ভালো বন্ধু। এবারও তাঁরা অনুরাগের পক্ষ নিয়ে বিবৃতি দিয়েছেন। তাপসী ইনস্টাগ্রাম পোস্টে লিখেছেন, 'বন্ধু, আমার জানামতে, এই বিশ্বের সবচেয়ে নারীবাদী মানুষটা তুমি। তোমার সিনেমায় তুমি যে জগৎটা বানাও, সেখানকার নারীরা অত্যন্ত শক্তিশালী আর তাৎপর্যপূর্ণ। শিগগিরই আবার আমাদের সে রকম আরেকটা শৈল্পিক সেটে দেখা হবে।'তাপসী আর স্বরা দুজনকেই দ্বিতীয় শ্রেণীর অভিনয়শিল্পী বলেছেন কঙ্গনা। সম্প্রতি কঙ্গনা কথার বাণ বিঁধেছে কংগ্রেসের সাবেক নেত্রী ও বলিউড তারকা ঊর্মিলা মাতন্ডকরকে। বলেছেন, 'ঊর্মিলা বিখ্যাত হয়েছেন সফট পর্ন ছবিতে অভিনয় করে।' তাই নিয়ে কাদা—ছোঁড়াছুঁড়ি শেষ হতে না হতেই শুরু হলো নতুন বিতর্ক।

এমনিতেই অনুরাগ কশ্যপ কোনো রাখঢাক না রেখেই মোদিবিরোধী। প্রকাশ্যেই তিনি মোদি সরকার ও বিজেপির সমালোচনা করেন। সম্প্রতি সুশান্ত সিং রাজপুতের অস্বাভাবিক মৃত্যুর পরও অনুরাগ বিভিন্নভাবে তাঁর মত প্রকাশ করেছেন। হোয়াটসঅ্যাপ মেসেজের স্ক্রিনশট দিয়েছেন, সেখানে সুশান্তের ম্যানেজারকে লেখা যে সুশান্তকে তিনি পছন্দ করেন না। এর আগে অনুরাগের প্রযোজনা প্রতিষ্ঠান ফ্যান্টম ফিল্মসও ভেঙে যায় 'মিটু' অভিযোগের পরিপ্রেক্ষিতে। সব মিলিয়ে অনুরাগের বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগ ওঠায় বলিউডের একাংশ গভীর রাজনীতির গন্ধ পাচ্ছেন।

# 'বেঁচে থাকার সবচেয়ে বড় ওষুধ কাজ'



অমিতাভ বচ্চনের ফেসবুক থেকে একবার ঘুরে আসুন। ইস্টাগ্রাম বা টুইটারে গেলেও চলবে। আর যদি আপনি নিয়মিত বলিউডের এই মেগাস্টারের ব্লগ পড়েন, তাহলে তো আপনি সবটাই জানেন। করোনা জয় করে দীর্ঘদিন নিজের বাড়ি জলসায় ছিলেন। কিন্তু আর কত! মাসের পর মাস ঘরে বসে থাকতে কার ভালো লাগে? তাই নতুন স্বাভাবিকতায় শুটিংয়ে ফিরেছেন অমিতাভ বচ্চন। সবখানে জানিয়েছেন সেই সুখবর। ৭৭ বছর বয়সী এই তারকাকে আবার দেখা যাবে জনপ্রিয় রিয়েলিটি শো কৌন বনেগা ক্রোড়পতির সঞ্চালকের মঞ্চে। এক সপ্তাহ ধরে শুরু হয়েছে সেই শুটিং। যে কজন না হলেই নয়, তাঁদের নিয়ে চলছে কেবিসির শুটিং। স্বল্প মানুষ, সবার গায়ে পিপিই কিট, মাস্ক, চশমা আর স্যানিটাইজার নিয়ে চলছে শুটিং। ব্লগে এই তারকা লিখেছেন, 'একবার ভাবুন তো, যাদের আমরা দেখতেই পাচ্ছি না, সেই ক্ষুদ্র শত্রুরা মানবসভ্যতার কী নাস্তানাবুদ করে ছেড়েছে! তাই ছোট বলে কোনো কিছুকেই অবজ্ঞা করবেন না।'ইনস্টাগ্রাম শুটিং সেটের ছবি শেয়ার করেছেন ভক্তদের সঙ্গে। ক্যাপশনে লিখেছেন, 'কাজই জীবনের চালিকা শক্তি। কাজই মানুষের জীবনকে এগিয়ে নিয়ে যায়। বেঁচে থাকার সবচেয়ে বড় ওষুধ কাজ। তাই কাজ শুরু হওয়ারই ছিল। আর হয়েছেও। সর্বোচ্চ সতর্কতার সঙ্গেই শুটিং চলছে। আপনি কাজ করুন। তবে সবার আগে সুরক্ষিত থাকুন। নিরাপদে থাকার বিকল্প নেই। বাস্তবতা মেনেই আমাদের কাজ করতে হবে।'অমিতাভ বচ্চনকে শেষবার দেখা গেছে গুলাবো সিতাবো সিনেমায়। আয়ুষ্মানকে প্রথমবারের মতো সঙ্গী করে অমিতাভ বচ্চন অভিনীয় করেন চুন্নান মির্জা নবাব নামের এক কৃপণ—লোভী বৃদ্ধের চরিত্রে। যে নিজের চেয়ে বেশি বয়সের জমিদারের কন্যাকে বিয়ে করেছিল তার মৃত্যুর পর তার সম্পত্তি ভোগ করার জন্য। স্ত্রীর সম্পত্তি হাতছাড়া হওয়ার ভয়ে যে কখনো বাচ্চাই নেয়নি। দিনরাত সে অপেক্ষা করে স্ত্রীর মৃত্যুর জন্য। কিন্তু অসুস্থ বৃদ্ধ স্ত্রী আর মরে না, বরং সুস্থ হয়ে যায়। এই ছবিতে অমিতাভের অভিনয় দারুণ প্রশংসা কুড়ায়। অমিতাভের ঝুলিতে রয়েছে তিনটি ছবি। চেহরে, ব্রহ্মাস্ত্র ও ঝুন্ড। এ ছাড়া কন্নড় সিনেমা বাটারফ্লাইয়ে প্লেব্যাক করবেন অমিতাভ।

# টিকটক থেকে হলিউডে



সম্প্রতি হলিউডের ১৯৯৯ সালের আলোচিত ছবি সি'জ অল দ্যাট-এ অভিনয়ের সুযোগ পেলেন জনপ্রিয় মার্কিন টিকটক তারকা অ্যাডিসন রে স্টারলিং। ২০১৯ সালে টিকটক থেকে তাঁর আয় ছিল ৫০ লাখ মার্কিন ডলার। টিকটকের বদৌলতে তাঁর ফেসবুক ও ইনস্টাগ্রামে ভক্তের সংখ্যাও অনেক বড় বড় তারকাকে ছাড়িয়ে যায়।

ভিডিও তৈরি ও প্রকাশের অ্যাপ টিকটক নিয়ে নানাজনের নানা মত। এ নিয়ে হাসিঠাট্টা, তর্কবিতর্ক তো কম হলো না। তবে যাঁরা টিকটক ব্যবহারকারীদের নিয়ে এত দিন উপহাস করতেন, তাঁদের এখন একটু নড়েচড়ে বসতে হবে। এই অ্যাপের ব্যবহারকারীরা শুধু হাসির পাত্র নন, এখান থেকে অনেকেই পাচ্ছেন বড় বড় সুযোগ। টিকটকে জনপ্রিয়তা পেয়ে হলিউড পর্যন্ত পৌঁছে যাচ্ছেন। বলছি জনপ্রিয় মার্কিন 'টিকটকার' অ্যাডিসন রে স্টারলিংয়ের কথা। সম্প্রতি হলিউডের ১৯৯৯ সালের আলোচিত ছবি সি'জ অল দ্যাট-এ অভিনয়ের সুযোগ পেলেন এই টিকটক তারকা।

অ্যাডিসন রে স্টারলিং মূলত টিকটক অ্যাপটির মাধ্যমে বিশ্বব্যাপী জনপ্রিয়তা পান। বর্তমানে টিকটকে ১৯ বছর বয়সী এই তরুণীর অনুসারীর সংখ্যা প্রায় ছয় কোটি। ২০১৯ সালে টিকটক থেকে তাঁর আয় ছিল ৫০ লাখ মার্কিন ডলার। টিকটকের বদৌলতে তাঁর ফেসবুক ও ইনস্টাগ্রামে ভক্তের সংখ্যাও অনেক বড় বড় তারকাকে ছাড়িয়ে যায়। গত সপ্তাহে অ্যাডিসন হলিউডে নাম লেখানোর খবরটি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করেন। বলেন, 'অবশেষে আমার স্বপ্ন সত্যি হলো। ধন্যবাদ আমার ভক্ত-অনুসারীদের, তাঁদের জন্য এই স্বপ্নপূরণ হওয়া। তোমাদের অনেক ভালোবাসি।'

সি'জ অল দ্যাট ছবিটি ১৯৯৯ সালে মুক্তির পর বেশ আলোচিত হয়। ছবিটিকে ঘিরে আলোচনা-সমালোচনা দুই-ই ছিল। ছবির গল্প একজন সুদর্শন ছেলেকে নিয়ে, যে একজন সাদামাটা মেয়েকে আকর্ষণীয় রূপে সবার সামনে তুলে ধরার চেষ্টায় নানা কিছু করে। এবারের ছবিটির নাম হবে হি'জ অল দ্যাট। নতুন ছবির গল্পের চরিত্রগুলো কিছুটা বদলে যাবে। সুদর্শন ছেলেকে দেখানো হবে সাদামাটা, বোকাসোকা চরিত্রে। আর মেয়েটি হবে আকর্ষণীয় ও জনপ্রিয় একজন, ঠিক বাস্তবজীবনে অ্যাডিসন যেমন। টিকটকে চটপটে ও জনপ্রিয়। পুরোনো ছবিতে অভিনয় করেছিলেন ফ্রেডি প্রিঞ্জ জুনিয়র, র‍্যাচেল লেই কুক, ম্যাথিউ লিলিয়ার্ড এবং প্রয়াত পল ওয়াকার। নতুন ছবিতে পল তো আর ফিরতে পারবেন না, তবে বাকি শিল্পীদের দেখা যেতে পারে বলে জানিয়েছে প্রযোজনা প্রতিষ্ঠান মিরাম্যাক্স টিকটক ব্যবহারকারীদের ভেতর এরই মধ্যে অ্যাডিসনের হলিউড—যাত্রা নিয়ে বেশ উচ্ছ্বাস দেখা দিয়েছে। তবে সিনেমাপ্রেমীদের কেউ কেউ আবার অ্যাডিসনকে ছবিতে নেওয়ায় মনঃক্ষুণ হয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে এখন জোর সমালোচনা, অ্যাডিসনকে এ ছবিতে নেওয়া হলে নাকি একটি 'কাল্ট' ছবিকে নষ্ট করে ফেলা হবে। যদিও অ্যাডিসনের ছয় কোটি অনুসারীর ভালোবাসার সামনে এই একচিলতে বিতর্ক এখনো কিছুই নয়।




রবিবার নিহত সাংবাদিক শান্তনু ভৌমিকের মৃত্যু দিবস পালিত হয়। ছবি- নিজস্ব।

## এবার বাড়িতে বসেই সরকারি বাসের স্মার্ট কার্ডের রিচার্জ

কলকাতা,২০ সেপ্টেম্বর (হি স): বর্তমানে রাজ্যবাসী ভুগছে করোনা আতঙ্কে। দমকা হাওয়ার মত উড়ে এসে শহরজুড়ে জাঁকিয়ে রাজ করছে অদৃশ্য ভাইরাস করোনা। করোনা কাঁটায় রীতিমত ঘর থেকে বেরোতে ভয় পাচ্ছে রাজ্যবাসী। আর এবার রাজ্যবাসীর কথা ভেবে বাড়িতে বসেই বাসের স্মার্ট কার্ড রিচার্জের ব্যবস্থা
করল রাজ্য সরকার। রবিবার থেকেই এই নয়া পরিষেবা চালু করল রাজ্য পরিবহণ নিগম।

যাতে যাত্রীদের লাইনে দাড়াতে না হয় তার জন্য অনলাইন মেট্রো কার্ড রিচার্জ এর ব্যবস্থা করেছে মেট্রো কর্তৃপক্ষ। ইতিমধ্যেই রাজ্য সরকার বাস, ট্রাম ও ফেরির নিত্য যাত্রীদের জন্য স্মার্ট কার্ডের ব্যবস্থা করেছিল। কিন্তু কার্ড রিচার্জ করতে নিগমের নির্দিষ্ট করা ৩০টি পয়েন্ট অফ সেলস কাউন্টারে যেতে হত। তবে বর্তমান করোনা কবলিত পরিস্থিতিতে লাইনে দাঁড়িয়ে রিচার্জ করতে চাইছে না শহরবাসী। আর তাই এবার মেট্রোর পথেই হাঁটলো বাস। এবার থেকে বাড়ি বসেই করা যাবে বাসের কার্ড রিচার্জ।

## রবিবারের বাজারেও আকাশছোঁয়া সবজির দাম

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি স): গত কয়েকদিন ধরেই বাজারে ঢুকলেই ছ্যাকা খাচ্ছে শহরবাসী। আলু হোক বা পটল কিনতে গেলেই দামে কপালে ভাঁজ পড়েছে ক্রেতাদের। রবিবারের বাজারেও আকাশছোঁয়া সবজির দাম।

হেঁসেলে সবজি ঢোকাতে বর্তমানে ভয় পাচ্ছে ক্রেতারা।বাজারে গেলেই মালুম হচ্ছে, প্রায় সব সবজির দামই কিলো প্রতি পঞ্চাশ টাকার বেশি। পুজোর আগে সবজির বাজারে এমন অস্বাভাবিক দামে সমস্যায় পড়ছে শহরবাসী। এদিন গড়িয়াহাট বাজারে জ্যোতি আলুর প্রতি কেজিতে দাম ছিল ৩৪ টাকা। চন্দ্রমুখীর আলু প্রতি কেজি বিক্রি হচ্ছে ৩৮ টাকায়। পেঁয়াজ ৩৬ থেকে ৪০টাকা। কুমড়ো ২০ টাকা কেজি থেকে সবজির পাশাপাশি দাম বেড়েছে মাছের ও। সবজি থেকে মাছ কি কিনবেন ক্রেতারা সেই চিন্তাতেই নাজেহাল। সবজি র অতিরিক্ত দামে নাস্তানাবুদ শহরবাসী।

## দুর্গা পুজোর আগে এবার রক্তদানের ব্যাবস্থা ফোরাম ফর দুর্গোৎসবের

কলকাতা,২০ সেপ্টেম্বর ( হি স): ইতিমধ্যেই শহরজুড়ে পুজো পুজো রব। ক্যালেন্ডার বলছে অল্প কিছুদিনের অপেক্ষাতেই মর্তে আগমন ঘটবে মা দুর্গার। যদিও বর্তমানে করোনা পরিস্থিতি সবকিছুতে ভাটা পড়লেও কলকাতায় দুর্গা পুজো মানেই বাঙালি মেতে ওঠে আনন্দে। আর এবার করোনা আবহে রবিবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে রক্তদানের ব্যাবস্থা ফোরাম ফর দুর্গোৎসবের।

ইতিমধ্যে সম্পন্ন হয়েছে মহালয়া। যদিও চলতি বছর মহালয়ার প্রায় এক মাস পর পুজো। তবুও

ছয়ের পাতায়

## আত্মনির্ভর কৃষির পরিসর তৈরি হলো : রাজনাথ সিং

নয়াদিল্লি, ২০ সেপ্টেম্বর (হি. স.): রাজ্যসভায় দুটি যুগান্তকারী কৃষি বিল পাশ হওয়ায় আত্মনির্ভর কৃষির শক্তিশালী ভিত্তি স্থাপিত হল বলে জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। রবিবার রাজ্যসভায় দুটি কৃষি বিল যথাক্রমে ফারমার্স এন্ড প্রডিউস ট্রেড এন্ড কমার্স (প্রমোশন এন্ড ফেসিলিটেশন) বিল ২০২০, এগ্রিমেন্ট অন প্রাইস অ্যাসিওরেন্স এন্ড ফার্মস সার্ভিস বিল ২০২০ পেশ করেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর। কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস অন্যান্য বিরোধী দলের প্রবল বিরোধিতার শব্দ ধ্বনি ভোটে পাশ হয়েছে বিলটি।এ প্রসঙ্গে উচ্ছ্বাস প্রকাশ করে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং নিজের টুইট বার্তায় লিখেছেন, এই দুইটির যুগান্তকারী কৃষি বিল পাশ হয়ে যাওয়ার ফলে আত্মনির্ভর কৃষির শক্তিশালী ভিত্তিস্থাপন হল।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের অঙ্গীকার এবং সীমাহীন নিষ্ঠার প্রতীক এই বিল।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদৃষ্টি সম্পন্ন মানসিকতার কারণেই কৃষির মধ্যে যে পূর্ণশক্তি নিহিত সেটা প্রস্ফুটিত হয়েছে।

উল্লেখ করা যেতে পারে, এই বিয়ের বিপক্ষে দেশজুড়ে আন্দোলন সংগঠিত করবে কংগ্রেস।

## সরকারি বিভিন্ন বিভাগে নিয়োগ, বঞ্চিত বরাক, এভাবে অসমের সঙ্গে আর থাকা সম্ভব নয়, ফের গর্জন প্রদীপের

শিলচর (অসম), ২০ সেপ্টেম্বর (হি.স.) : বরাক উপত্যকার সঙ্গে বঞ্চনার গ্রাফ উর্ধগামী। এমন চললে অসমের সঙ্গে আর থাকা সম্ভব নয় বরাক উপত্যকার। নানা বঞ্চনার তথ্য তুলে ফের গর্জে উঠেছেন সারা কাছাড় করিমগঞ্জ হাইলাকান্দি ছাত্র সংস্থা (আকসা)-র প্রতিষ্ঠাতা সভাপতি তথা গৌহাটি হাইকোর্টের আইনজীবী প্রদীপ দত্তরায়।

এক প্রেসবার্তায় প্রদীপ দত্তরায় বলেন, টেট শিক্ষক সহ সরকারি বিভিন্ন বিভাগে নিয়োগের ক্ষেত্রে বরাক উপত্যকার ছেলেমেয়েদের সঙ্গে সমানে চরম বৈষম্য করে চলেছে রাজ্যের বিজেপি জোট সরকার। সম্প্রতি অসমে ৫,০০০টি পদে টেট শিক্ষকের নিযুক্তি হয়েছে। অথচ বরাক উপত্যকার ভাগ্যে জুটেছে মাত্র ২৫টি। এছাড়া স্বাস্থ্য দফতরও এক হাজার নার্স নিয়োগ করেছে। এক্ষেত্রেও বরাক উপত্যকা থেকে মাত্র ১১ জন চাকরি পেয়েছেন। রাজ্যের প্রভাবশালী তথা স্বাস্থ্য অর্থ শিক্ষা এবং পূর্তমন্ত্রী ড় হিমন্তবিশ্ব শর্মা নির্বাচনের আগে শিলচরে এসে বিভিন্ন জনসভায় প্রতিশ্রুতি দিয়ে বলেছিলেন, বরাক উপত্যকায় যে সব চতুর্থ এবং তৃতীয় শ্রেণির নিযুক্তি দেওয়া হবে তাতে স্থান হবে এখানকার যুবক-যুবতীদের। স্বাস্থ্যমন্ত্রী লাগাতার মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে থাকেন। মন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার কথায় এবং বাস্তবে কোনও মিল নেই, বলেছেন আইনজীবী প্রদীপ দত্তরায়।

প্রেসবার্তায় তিনি আরও বলেন, টেট শিক্ষক পদে বরাক উপত্যকা থেকে অন্তত ৫০০ জনের নিয়োগ দেওয়া উচিত ছিল। নার্সের মধ্যে বরাকের অন্তত ৫০ জনকে চাকরি দিলে ব্রহ্মপুত্রের সঙ্গে সমতা থাকত। তিনি বলেন, এর আগে বিভিন্ন বিভাগে ৭০০টি পদে চাকরি হয়েছে, কিন্তু বরাক উপত্যকার একজনও পাননি। অনেক চিৎকার চেঁচামেচির পর এবার এই কয়টিমাত্র নিয়োগ দেওয়া হয়েছে। এ ধরনের বৈষম্য কেন চলছে, জানতে চান প্রদীপ দত্তরায়।

তিনি বলেন, মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল সবসময় বরাক ব্রহ্মপুত্রের মধ্যে সমন্বয়ের কথা বলেন। এই দৃষ্টিভঙ্গিতে নমামি বরাক অনুষ্ঠানও করেছিলেন। অথচ বৈষম্য কমেনি। আসলে বরাক উপত্যকার মানুষের সঙ্গে কেমন বৈষম্য চলছে তা মোটেও জানেন না মুখ্যমন্ত্রী। বরাক ব্রহ্মপুত্রের ঐক্যের কথা কতটুকু বিজেপি সরকারের মন্ত্রীরা বাস্তবায়িত করছেন তা তদন্ত করে দেখার আহ্বান জানান প্রদীপ। এমতাবস্থায় অসম সরকারের কাছে অনুরোধ জানিয়ে তিনি পাঁচ হাজারটি টেট শিক্ষক পদে কতজন বরাকের প্রার্থী নিযুক্তি পেয়েছেন তা সরকারিভাবে ঘোষণা করার দাবি জানান। একইভাবে নার্সের পদে কতজন বরাকের নিযুক্তি পেয়েছেন, তা-ও সরকারিভাবে ঘোষণা করার দাবি তুলেছেন।

প্রদীপ বলেন, ভাষা শহিদ স্টেশনের নামাকরণ নিয়েও ছলচাতুরি করছে রাজ্য সরকার। যেখানে কেন্দ্রীয় সরকার ছাড়পত্র দিয়েছে, তার পরও শিলচরের রেলওয়ে স্টেশনের নামাকরণ ভাষা শহিদ স্টেশন হচ্ছে না, বিস্ময় ব্যক্ত করেন বক্তা প্রদীপ দত্তরায়।

## ঝাড়গ্রামে পথ দুর্ঘটনায় মৃত্যু হল দুই বাইক আরোহীর

ঝাড়গ্রাম, ২০ সেপ্টেম্বর (হি.স.): পথ দুর্ঘটনায় মৃত্যু হল দুই বাইক আরোহীর। এদিন রবিবার দুপুরে এই ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার মানিকপাড়া ফাঁড়ি থানার ৬ নম্বর জাতীয় সড়কের বেলতলা এলাকায়। এই ঘটনায় আহত হয়েছেন আরও এক বাইক আরোহী।ঝাড়গ্রাম জেলা সুপার স্পেশালিটি হাসপাতালে তার চিকিৎসা চলছে।

পুলিশ জানিয়েছে মৃত ওই দুই ব্যক্তির নাম লুড়কা হাঁসদা (২৪) ও ভান্টু সরেন (৪৫)। তাদের বাড়ি পশ্চিম মেদিনীপুরের খড়্গাপুর লোকাল থানা এলাকায়। পুলিশ ও স্থানীয় সুত্রে জানা গিয়েছে এদিন দুপুরে একটি বাইকে করে তিন জন লোধাশুলির দিক থেকে ৬ নম্বর জাতীয় সড়ক ধরে খড়্গাপুরের দিকে যাচ্ছিল। সেই সময় বেলতলা এলাকায় দাঁড়িয়ে থাকা একটি লরির পিছনে ধাক্কা মারে। ধাক্কা মারার পরেই বাইকে থাকা গোপীনাথ মান্ডী অন্যদিকে পড়ে গিয়ে গুরুতরভাবে আহত হয়। আর বাকি দুজন ভান্টু ও লুড়কা দাঁড়িয়ে থাকা লরির পিছনের চাকার সামনে পড়ে যায়। ওই সময় লরির চালক ভয় পেয়ে লরিটিকে নিয়ে পালাতে গেলে লরির পিছিনের চাকায় দুজনেই পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয়। স্থানীয় মানুষজনেরা আহত ব্যক্তিকে উদ্ধার করে ঝাড়গ্রাম জেলা সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করান। এদিকে পুলিশ ঘাতক লরিটিকে আটক করে মানিকপাড়া ফাঁড়ি থানায় নিয়ে যায়। পরে পুলিশ এসে মৃত ব্যক্তিদের দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালের মর্গে পাঠিয়ে দেন।

## পশ্চিমবঙ্গে দৈনিক সুস্থতা কমল, বাড়ল মৃত্যু

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি. স.): ফের রাজ্যে ফের বাড়ল দৈনিক মৃত্যু। একইসঙ্গে সুস্থতাও কমেছে গত কালের তুলনায়। এদিকে সংক্রমিত হয়েছে তিন হাজারেরও বেশি মানুষ। গত ২৪ ঘন্টায় আক্রান্ত হয়েছেন ৩১৭৭ জন। গত এক দিনে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২৯৫৮জন। এদিন সুস্থতার হার ৮৭.০৫ শতাংশ। ২৪ ঘন্টায় মারা গেছেন ৬১জন। গতকাল রাজ্যে একদিনে মৃত্যু হয়েছিল ৫৬ জনের। এখন সক্রিয় চিকিৎসাধীন, করোনা আক্রান্তের সংখ্যা ২৪, ৮০৬জন। এই পর্যন্ত রাজ্যে মোট করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২লাখ ২৫হাজার ১৩৭জন। রাজ্যে মোট করোনা মুক্ত হয়েছেন ১লাখ ৯৫হাজার ৯৭২ জন। রাজ্যে করোনা আক্রান্ত হয়ে মোট মৃত্যু হয়েছে ৪৩৫৯জনের। রবিবার রাজ্য স্বাস্থ্য দফতরের বুলেটিন অনুযায়ী জানানো হয়েছে এমনটাই।

এদিকে গত ২৪ ঘণ্টায় কলকাতা ৫১৪ টি নতুন কেস পাওয়া যাওয়ায় শহরে মোট কেস বেড়ে দাঁড়িয়েছে ৫০হাজার ১০৭টি। গত ২৪ ঘণ্টায় ৪৩৫ জন সুস্থ হয়ে উঠছেন। তাই এখন সুস্থ হওয়ার সংখ্যা মোট ৪৪,২৮৪জন। এদিকে করোনা আক্রান্ত হয়ে কলকাতায় গত ২৪ ঘণ্টায় ১৫জনের মৃত্যু হয়েছে। তাই এখনও পর্যন্ত কলকাতায় মোট ১৫৮১জন মারা গেছে করোনা আক্রান্ত হয়ে। বর্তমানে কলকাতায় করনা আক্রান্ত সক্রিয় চিকিৎসাধীন রয়েছেন ৪২৬২জন। এদিকে রাজ্যে সংক্রমনের নিরিখে কলকাতার পরেই রয়েছে উত্তর চব্বিশ পরগনা। ওই জেলায় একদিনে আক্রান্ত হয়েছেন ৫০৭জন। সুস্থ হয়ে উঠছেন ৪৬৮জন।

এদিনের বুলেটিনে আরও জানানো হয়েছে, গত ২৪ ঘন্টায় রাজ্যে ৪৫হাজার ৬৫৬টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এই পর্যন্ত রাজ্যে মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ২৭লাখ ৯০হাজার ৫১৮টি। এখন রাজ্যে ৭৭টি ল্যাবরেটরীতে নমুনা পরীক্ষা করা হচ্ছে।

## যাদবপুরে চালু হল শ্রমজীবী বাজার

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি.স.): বাঘাযতীনের পর এবার যাদবপুরে শুরু হল সিপিএমের শ্রমজীবী বাজার। রবিবার এই বাজারের উদ্বোধন করেন স্থানীয় বিধায়ক তথা সিপিএম নেতা সুজন চক্রবর্তী। আনলক পর্বে যাদবপুরের বাসিন্দাদের সস্তায় আনাজ তুলে দিয়ে নতুন ভাবে জনসংযোগের কৌশল নিল বামেরা। বামেদের এই বাজারে অনেকটাই কম মূল্যে শাকসবজি পাওয়া যাচ্ছে।

যাদবপুর বিধানসভা এলাকায় সারাবছর জনসংযোগ বজায় রেখেই চলে বামেরা। তার উপর লকডাউনে শ্রমজীবী ক্যান্টিনের মাধ্যমে প্রতিদিন ৩৫০ থেকে ৪০০ সাধারন মানুষের মুখে খাবার তুলেদিয়ে মানুষের যথেষ্ট সারা পেয়েছে বামেরা।

এই প্রসঙ্গে সুজনবাবু বলেন, এইরকম উদ্যোগ আগেও তারা নিয়েছে। আগে বামেরা শ্রমজীবী ক্যান্টিন চালু করেছে। মূল্য বৃদ্ধিতে সাধারন মানুষ বাজার করতে গিয়ে হিমশিম খাচ্ছে। রাজ্য ও কেন্দ্রীয় সরকার অপদার্থ। সাধারন মানুষ কিভাবে খাবে তানিয়ে ভাবছেনা। তবে বিধানসভার ভোটের দিকে

ছয়ের পাতায়

# অসম পুলিশের এসআই পদের লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, জড়িত অপরাধীদের শীঘ্র গ্রেফতারের নির্দেশ মুখ্যমন্ত্রীর

গুয়াহাটি, ২০ সেপ্টেম্বর (হি.স.) : অসম পুলিশের সাব ইন্সপেক্টর (এসআই) পদে নিযুক্তির লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় জড়িত অপরাধীদের শীঘ্র গ্রেফতার করতে অসমের পুলিশ-প্রধানকে কড়া নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল। পুলিশ বিভাগের এই নিয়োগ প্রক্রিয়াকে ব্যর্থ করার ষড়যন্ত্রে লিপ্ত চক্রান্তকারীকে অবিলম্বে শনাক্ত করে পাকড়াও করতে দিল্লি থেকে কড়া নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। উল্লেখ্য, সোশাল মিডিয়ায় রবিবার সকালের দিকে সংশ্লিষ্ট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ার জন্য বাতিল করা হয়েছে লিখিত পরীক্ষা। আজ দুপুর ১২ টা থেকে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল পুলিশের এসআই পদের লিখিত পরীক্ষা। মোট ৫৯৭ টি শূন্য পদ পূরণের জন্য এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় অসম পুলিশের এই পরীক্ষাও বাতিল করতে হয়েছে। জানা গেছে, ইতিমধ্যে এই ঘটনার পরিপ্রেক্ষিতে পুলিশ তদন্ত অভিযান শুরু করেছে।

আজকের পরীক্ষা বাতিল হওয়ার জন্য আবেদনকৃত বহু বেকার যুবক-যুবতী হতাশ হয়ে পড়েছেন বলে খবর পাওয়া গেছে। সোশাল মিডিয়ার মাধ্যমে চাকরি প্রত্যাশিত বহু আবেদনকারী তীব্র হতাশা ব্যক্ত করেছেন।

প্রসঙ্গত, সম্প্রতি সোশাল মিডিয়ায় পুলিশের সাব-ইন্সপেক্টর পদের জন্য ৪ লক্ষ টাকার উৎকোচ চেয়ে এক টেলিফোনিক অডিও ক্লিপিং ভাইরাল হয়েছিল। এর পর গত ১২ সেপ্টেম্বর অসম পুলিশের ওই পদে চাকরি পাইয়ে দেওয়ার নামে টাকা চেয়ে প্রবঞ্চনার জাল ফেলার দায়ে জনৈক মনোজ তামুলিকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে সারা অসম ছাত্র সংস্থা (আসু)-র সাধারণ সম্পাদক লুরিনজ্যোতি গগৈ প্রশ্ন তুলেছেন, কেন কীভাবে বারবার চাকরির প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা সংঘটিত হচ্ছে অসমে? লুরিনজ্যোতি বলেন, প্রশ্নপত্র ফাঁস হওয়ার ফলে অসম পুলিশের ৫৯৭টি উপ-পরিদর্শক পদের লিখিত পরীক্ষা মাঝপথে বাতিল করার জন্য দায়ী কারা? এ ধরনের ঘটনার পরিপ্রেক্ষিতে চাকরির প্রত্যাশা নিয়ে বছরের পর বছর শিক্ষিত বেকার যুবক যুবতীদের মনে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে উদাসীন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলে নিজের ফেসবুকে মন্তব্য করেছেন আসুর সাধারণ সম্পাদক লুরিনজ্যোতি গগৈ।

তাঁর ফেসবুকে তিনি আরও বলেন, এছাড়া ২৩ লক্ষ বেকারকে কর্মসংস্থানের প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতা দখল করেছিল বিজেপি। প্রদত্ত প্রতিশ্রুতি পূরণে ব্যর্থ হয়েছে বিজেপি সরকার। বলেন, গত দু-বছরে জলসেচ বিভাগের নিযুক্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারেনি সরকার। এপিডিসিএল-এর নিযুক্তি পরীক্ষাও সম্পন্ন করা সম্ভব হয়নি সর্বানন্দ সরকারের। এছাড়া ফলাফল ঘোষণার এক বছর পেরিয়ে গেলেও বিদেশি ট্রাইবুনালের ১,৬০০ প্রার্থীকে নিয়োগ করতে পারেনি বর্তমান সরকার, বলেন লুরিনজ্যোতি।

এছাড়া, পঞ্চায়েত ও গ্রামোন্নয়নের প্রার্থী বাছাই পরীক্ষা সম্পর্কে উত্থাপিত অভিযোগের তদন্তের নামে ভাওতাবাজি করারও অভিযোগ তুলেছেন লুরিনজ্যোতি গগৈ। এদিকে, নতুন নিয়োগ করতে রাজ্য সরকারের কোষাগার মজবুত নয় বলে অতি কৌশলে প্রশ্নপত্র ফাঁস করে উপ-পরিদর্শকের পরীক্ষা বাতিল করা হয়েছে বলে কটাক্ষ করেন গগৈ। তিনি এই ঘটনার নিন্দা জানিয়ে নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছেন।

## ‘সেবা সপ্তাহ’-এর শেষ দিন ‘দিব্যাঙ্গ’দের সংবর্ধনা অসম বিজেপির

গুয়াহাটি, ২০ সেপ্টেম্বর (হি.স.) : গত ১৭ সেপ্টেম্বর ছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন। এ উপলক্ষ্যে ১৪ সেপ্টেম্বর থেকেই অসম প্রদেশ বিজেপি শুরু করে সপ্তাহ ব্যাপী ‘সেবা সপ্তাহ’। সেবা সপ্তাহ-এর আজ রবিবার সমাপ্তি হয়েছে রাজ্যের দিব্যাঙ্গ তথা বিশেষ সক্ষমদের সংবর্ধনা জানিয়েছে।

বিজেপির উত্তরপূর্বের সাংগঠনিক সম্পাদক অজয় জামোওয়ালের উদ্বোধনী ভাষণের পর দলের প্রদেশ সভাপতি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পদাঙ্ক অনুসরণ করে অসমের সর্বানন্দ সনোয়াল নেতৃত্বাধীন সরকার রাজযের ১ লক্ষ ৫৩ হাজার দিব্যাঙ্গকে আর্থিক সহায়তা পর্দান করেছে। দলের অসম প্রদেশ সভাপতি রঞ্জিতকুমার দাস বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশবাসীর মানসিকতার পরিবর্তন হয়েছে। তারই ফলস্বরূপ বিশেষভাবে সক্ষমদের ভগবানের অঙ্গ ‘দিব্যাঙ্গ’ হিসেবে নামকরণ করা হয়েছে। এই নামকরণের মাধ্যমে দিব্যাঙ্গদের যথোচিত সম্মান দেওয়ার প্রচেষ্টা করছে শাসক দল বিজেপি।

প্রদেশ সভাপতি তাঁর ভাষণে আরও বলেন, দেশের ২.২৭ শতাংশ অর্থাৎ ২ কোটি ৪৮ লক্ষ দিব্যাঙ্গ লোক নিজের নিজের মতো করে সমাজের দায়িত্ব পালন করে আসছেন। অতএব তাঁদের উন্নতি ছাড়া দেশের সামগ্রিক উন্নয়ন কখনও সম্ভব নয়। তাই বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রের মোদী সরকার দিব্যাঙ্গদের প্রত্যেক মাসে আর্থিক সাহায্যের সিদ্ধান্ত নিয়েছে। উল্লেখ্য যে সেবা সপ্তাহের শুরুর দিন থেকে গোটা রাজ্যের ২৮ হাজার বুথে ৭০ টি করে চারাগাছ রোপণ করা হয়েছে। এছাড়া করোনা ভাইরাসে আক্রান্তদের ‘প্লাজমা দান’ হাসপাতালে গিয়ে রোগীদের ফলমূল বিতরণ করা সমেত বিভিন্ন কার্যসূচি রূপায়ণ করেছেন প্রদেশ থেকে জেলা ও মণ্ডল কমিটির কার্যকর্তারা। শুধু তা-ই নয়, রাজ্য সরকারের ‘স্নেহ স্পর্শ’ প্রকল্পের মাধ্যমে হৃদরোগ ছাড়াও বিভিন্ন রোগাক্রান্ত শিশুদের চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের ব্যবস্থা করা হয়েছে। এতে রাজ্যের গরিব ও দুস্থ শিশুরা বহু পরিমাণে উপকৃত হবে বলে মনে করা হচ্ছে। গুয়াহাটিতে আজ সেবা সপ্তাহের শেষ দিনের অনুষ্ঠানে দিব্যাঙ্গদের বিজেপি কার্যকর্তারা ফুলাম গামোছা দিয়ে সংবর্ধনা জানিয়েছেন।

## পুলিশের বিরুদ্ধে অকর্মণ্যতার অভিযোগ সায়ন্তন বসুর

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি. স.): ফের একবার রাজ্য পুলিশের নিন্দায় সরব হলেন বিজেপি নেতা সায়ন্তন বসু। রবিবার রাজ্য পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন তিনি। আল-কায়েদা জঙ্গী” গ্রেফতারের প্রসঙ্গে রাজ্যকেই নিশানা করলেন বিজেপি নেতা।

সূত্রের খবর, রাজ্য পুলিশের ডিজিপি এনআইএ কে চিঠি দিয়ে জানতে চেয়েছেন নবান্ন কে না জানিয়ে কেন জঙ্গী গোষ্ঠীর উপর হামলা করা হলো। এই প্রসঙ্গে কটাক্ষ করে সায়ন্তন বাবু জানান, “নবান্নকে তল্লাশির কথা জানালে জঙ্গিরা পালিয়ে যেত।” এরপরের রাজ্য পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে সায়ন্তন বাবু জানতে চান, 'দিল্লি থেকে টিম এসে জঙ্গিদের গ্রেপ্তার করল, তাহলে ওখানকার পুলিশ কী করছিল? তবে কি পুলিশ সবটাই জানত?”

এদিন এই জঙ্গি হামলার ছক কষার ঘটনার বিরুদ্ধে কেন্দ্রের কাছে তদন্তের আবেদন জানান তিনি। বলেন, “আমি কেন্দ্রের কাছে আবেদন করব তদন্তের সময় রাজনৈতিক দিকও খতিয়ে দেখার জন্য। কোন কোন রাজনৈতিক ব্যক্তি ওই জঙ্গিদের মদত দিচ্ছে তা সামনে আসা প্রয়োজন’।

## অসম পুলিশের বিভিন্ন পদমর্যাদার ৪৪৬৫ জন আধিকারিক-কর্মচারী করোনা-আক্রান্ত, মৃত্যুর সংখ্যা ১৯

গুয়াহাটি, ২০ সেপ্টেম্বর (হি.স.) : অসম পুলিশের বিভিন্ন পদমর্যাদার ৪৪৬৫ জন আধিকারিক-কর্মচারী এবং জওয়ান অতিমারি কোভিড-১৯ সংক্রমণে আক্রান্ত হয়েছেন। কোভিডে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৯ জনের। তবে ইতিবাচক দিক হল এখন পর্যন্ত পুলিশের বহু অফিসার কর্মচারী এবং জওয়ান কোভিডকে হারিয়ে সুস্থ হয়ে ফের নিজের কর্মক্ষেত্রে যোগও দিয়েছেন। নিজের অফিশিয়াল টুইটার হ্যান্ডলে এ কথা জানিয়েছেন অসমের এডিজিপি (আইন-শৃঙ্খলা) তথা দুর্নীতি দমন শাখার অধিকর্তা জি পি সিং।

টুইটারে তিনি আরও লিখেছেন, কোভিড ভাইরাসে আক্রান্ত আধিকারিক ও করমচারীদের সুস্থ হওয়ার হার আগের থেকে বেড়ে ৯২ শতাংশ হয়েছে। তিনি লিখেছেন, গত ১৮ সেপ্টেম্বর পর্যন্ত অসম পুলিশের ৪,৪৬৫ জন আধিকারি ও কর্মচারী কোভিডে আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে ৪, ১৩৯ জন করোনাকে জয় করে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। সুস্থের হার বেড়ে হয়েছে ৯২ শতাংশ। ৩৪৪১ জন পুলিশ কর্মী করোনাকে হারিয়ে পুরোপুরি সুস্থ হয়ে ফের নিজের কর্মক্ষেত্রে যোগ দিয়েছেন। তবে দুর্ভাগ্যজনকভাবে আমরা আমাদের ১৯ জন সহকর্মীকে হারিয়েছি, টুইটে লিখেছেন এডিজিপি (আইন-শৃঙ্খলা) জি পি সিং।

এখানে উল্লেখ করা যেতে পারে, রাজ্যে কোভিড আক্রান্তের সংখ্যা ক্রমশ বাড়ছে। ইতিমধ্যেই রাজ্যে কোভিড আক্রান্তের সংখ্যা দেড় লক্ষ ছাড়িয়ে ১ লক্ষ ৫৫ হাজার ৪৫৩ হয়েছে। তার মধ্যে এক লক্ষ ২৫ হাজার ৫৪০ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। ৫৪৮ জনের মৃত্যু হয়েছে। ২৯ হাজার ৩৬২ জন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

## নদীতে মাছ ধরতে গিয়ে জলে ডুবে যুবকের মৃত্যু

টিয়ক (অসম), ২০ সেপ্টেম্বর (হি.স.) : নদীতে মাছ ধরতে গিয়ে নদীর জলে পড়ে মৃত্যু হয়েছে জনৈক যুবকের। দুর্ঘটনাটি ঘটেছে উজান অসমের যোরহাট জেলার টিয়কে। নিহত যুবককে বছর ২৭-এর রাজ গগৈ বলে পরিচয় পাওয়া গেছে।

প্রাপ্ত খবরে প্রকাশ, রবিবার দুপুরে টিয়কের জগদুয়ার সোনারি গ্রামে নদীতে মাছ শিকার গিয়ে দুর্ঘটনাটি ঘটেছে। নদীর তীরে বসে বরশি দিয়ে মাছ শিকার করছিলেন রাজ গগৈ। কিন্তু অসাবধানতাবশত তার পা পিছলে যায়। পড়ে যান নদীতে। স্থানীয়দের চোখে ঘটনাটি ধরা পড়ে। সঙ্গে সঙ্গে তারা নৌকা নিয়ে যুবকটির সন্ধানে নদীতে তালাশি অভিযান শুরু করেন। পাশাপাশি খবর দেওয়া হয় টিয়ক পুলিশ থানাতেও।

খবর পেয়ে আসে পুলিশের দল। পুলিশের উপস্থিতিতে স্থানীয়দের প্রচেষ্টায় বহু খোঁজাখুজির পর যুবকের নিথর দেহ নদী থেকে উদ্ধার করা হয়েছে। মৃতদেহটি ময়না তদন্তের জন্য যোরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

## আলুর দাম বৃদ্ধির জন্য কেন্দ্রকেই দায়ী করলেন পুরমন্ত্রী

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি. স.): আলুর দাম বৃদ্ধির ক্ষেত্রে উল্টে কেন্দ্রের বিরুদ্ধেই অভিযোগ শানালেন পুর মন্ত্রী ফিরহাদ হাকিম। রবিবার কেন্দ্রের পেট্রল ডিজেলের মূল্য বৃদ্ধিকেই আলুর দাম বৃদ্ধির জন্য দায়ী করলেন।

ইতিমধ্যে পেট্রল ও ডিজেলের মূল্য বৃদ্ধি, বেসরকারিকরণ সহ একাধিক ইস্যুতে প্রতিবাদেও নেমেছে তৃণমূল। এবার আলুর দাম নিয়ন্ত্রণে ব্যর্থ রাজ্য সরকার সেই ইস্যুকে হাতিয়ার করল। এদিন ফিরহাদ হাকিম জানান, ”মূল্যবৃদ্ধি এখন একটা বড় ইস্যু হয়ে দাঁড়িয়েছে। সেটা তো মমতা বন্দোপাধ্যায় আগেই বলেছেন। আপনি পেট্রোলের দাম বাড়াবেন। ডিজেলের দাম বাড়াবেন। যানবাহনের খরচ বাড়বে। আর মূল্যবৃদ্ধির দায়িত্ব নেবে না কেন্দ্রীয় সরকার, এটা হতে পারে না। ট্রান্সপোর্টেশন খরচ এতটাই বেড়ে গিয়েছে যে সামাল দেওয়া যাচ্ছে না। পাশাপাশি চাষিরা যে পাম্প চালায় তাতে অনেক টাকা খরচ হচ্ছে। ফলে আলু উতাদনের কস্টিং আগের তুলনায় বেড়ে গিয়েছে। আলুর দাম নিয়ন্ত্রণ করার বিষয় মুখ্যমন্ত্রীর নির্দেশে টাস্কফোর্স দেখছে।”

সাধারণ পরিস্থিতিতে প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহের ক্ষেত্রে কোনও সমস্যা দেখা দিলে পাইকারি দাম হ্রাস পায় এবং খুচরো দাম বৃদ্ধি পায়। কিন্তু লকডাউন থেকে আনলক পর্বে গেলেও দেশে বৃদ্ধি পেয়েছে পাইকারি দামও। যদিও অর্থনীতিবিদ এবং কৃষি বিশেষজ্ঞদের মত, যেহেতু বেশ কিছু জায়গায় মজুত সামগ্রী রয়ে গিয়েছে প্রচুর পরিমাণে এবং বিক্রি কমেছে তাই সেই হারে বেড়েছে পাইকারি দামও। তবে শাকসবজির দাম এমন বৃদ্ধি পাওয়ার নেপথ্যে সরবরাহের ঘাটতিকেই দায়ী করেছেন বিশেষজ্ঞরা। যেহেতু এসব ক্ষেত্রে শ্রমিকের সংখ্যা কমেছে, যাতায়াত ব্যবস্থাও সুগম নয় ফলে খুচরো বিক্রির ক্ষেত্রে বেড়েছে দামও। এদিকে শাকসবজির পাশাপাশি দাম বেড়েছে ভোজ্যতেলেরও।

## করোনা আক্রান্ত কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার মুরলীধর শর্মা

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি. স.): এবার আক্রান্ত হলেন কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার (ক্রাইম) মুরলীধর শর্মা। করোনার মৃদু উপসর্গ দেখা গিয়েছিল গোয়েন্দা প্রধানের। রবিবার সেই রিপোর্ট পজিটিভ আসে। বর্তমানে সেল্ফ আইসোলেশনে রয়েছেন তিনি।

শুধু মাত্র কলকাতাতেই প্রায় ১৭০০ পুলিশ আধিকারিক করোনাতে আক্রান্ত হন। এখনও পর্যন্ত করোনা যুদ্ধে শহীদ হয়েছেন ১৯ জন। মুরলীধর শর্মা আপাতত বিশ্রামে রয়েছেন। তাই সাময়িকভাবে তার দায়িত্বে আনা হয়েছে যুগ্ম কমিশনার (ট্রাফিক) সন্তোষ পান্ডে কে।

প্রসঙ্গত, কিছুদিন আগেই করোনা ধরা পড়েছিল কলকাতার পুলিশ কমিশনার অনুজ শর্মার। তারও আগে করোনা আক্রান্ত হয়ে প্রাণ হারিয়েছিলেন অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর গৌতম মাহাতো। করোনা যুদ্ধে সামনের সারিতে থেকে লড়ছেন পুলিশেরা। করোনাকে জয় করেও ফিরেছেন অনেকে।

## এবার গার্ডেনরিচের বিএনআর-এ রেলের ভবন ও আবাসনে বসছে সোলার প্যানেল

কলকাতা,২০ সেপ্টেম্বর (হি স): অনেক সময় সূর্যের অতিরিক্ত তেজে বিরক্ত হয়ে যায় অনেকেই। কিন্তু সেই সূর্যের আলোয় ব্যবহার করতে পারলে খরচ তো বাঁচেই তেমনি বাঁচে খনিজ সম্পদ। আর তাই এবার সূর্যের আলো ব্যবহার করা শুরু করেছে রেল। সোলার প্যানেল বসছে গার্ডেনরিচের বিএনআর- এ রেলের ভবন ও আবাসনে।

ইতিমধ্যেই হাওড়া স্টেশনে বসানো হয়েছে সোলার প্যানেল। আর এবার সোলার প্যানেল বসছে গার্ডেনরিচের বিএনআর- এ রেলের ভবন ও আবাসনে। আর এই বিশেষ উদ্যোগ নিয়েছে ইস্টার্ন রেলের এজিএম-র। আর এই সোলার প্যানেল বসানোর মূল উদ্দেশ্য, সূর্যের আলো ব্যবহার করে আলো, পাখা চালানো।

## ভারতে ৬.৩৬ কোটির উর্ধ্বে করোনা-পরীক্ষা, ২৪ ঘন্টায় ১২.০৬ লক্ষ

নয়াদিল্লি, ২০ সেপ্টেম্বর (হি.স.): ক্রমাগত বাড়তে বাড়তে ভারতে ৬.৩৬ কোটির উর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষা। একইসঙ্গে ভারতে ফের বাড়ল দৈনিক করোনা-পরীক্ষা। ভারতে বিগত ২৪ ঘন্টায় ১২,০৬,৮০৬টি করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৯ সেপ্টেম্বর (শনিবার) পর্যন্ত দেশে ৬,৩৬,৬১, ০৬০টি স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

রবিবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় (শনিবার সারাদিনে) ভারতে ১২,০৬,৮০৬টি স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ১৯সেপ্টেম্বর পর্যন্ত ভারতে ৬,৩৬,৬১, ০৬০টি স্যাম্পেল টেস্ট করা হয়েছে। এর আগে শুক্রবার সারাদিনে ভারতে ৮,৮১,৯১১টি স্যাম্পেল টেস্ট করা হয়েছিল। শনিবার যার পরিমাণ ফের বাড়ল।

## খাবারের গুনমান নিয়ে পুরসভায় নালিশ মিমির

কলকাতা, ২০ সেপ্টেম্বর (হি.স.): ফের প্রতিবাদ করে জনসমক্ষে তারকা সংসদ মিমি চক্রবর্তী। খাবারের গুণমান নিয়ে কলকাতা পুরসভার অভিযোগ জানালেন তিনি।

মিমি চক্রবর্তী এই প্রসঙ্গে টুইট করে জানান, গত ১৬ সেপ্টেম্বর ইকো এস্পেস এলাকায় শুটিং করার সময় ওই এলাকায় সাব্বির আউটলেট থেকে বার্গার অর্ডার করেছিলেন তিনি। তবে সে খাবারটি ছত্রাকে ভর্তি ছিল। এর পরেই বেজায় চটে গিয়ে সাবওয়ে ইন্ডিয়াকে ট্যাগ করে নিজের অভিযোগ টুইট করে জানান মিমি চক্রবর্তী।

পরে কলকাতা পুরসভার খাদ্য দপ্তরে লিখিতভাবে অভিযোগ জানিয়েছেন তিনি। কে মিমি চক্রবর্তীর এই পোস্ট দেখে খেপে গিয়েছেন নেটিজেনরাও। এত নামই ফুড চেইন কোম্পানির এহেন নিম্নমানের খাবার দেখে সন্দেহ প্রকাশ করেছেন তারাও।

## গ্যাস সিলিন্ডার ফেটে আগুন লাগে শোভাবাজারের বহুতলে

কলকাতা, ২০ সেপ্টেম্বর ( হি স):রবিবার ছুটির বেলায় হঠাৎই আগুন লেগে যায় শোভাবাজারের বহুতলে। ঘিঞ্জি এলাকায় আগুন লাগায় ছড়ায় আতঙ্ক। প্রথমে আগুন লাগার কারণ বুঝতে না পারলেও পরে জানা যায় গ্যাস সিলিন্ডারের পাইপ ফেটে আগুন লাগে শোভা বাজারে বহুতলে পাঁচতলা বাড়ির দোতলায়।

উত্তর কলকাতা শোভাবাজারের নীলমনি মিত্র স্ট্রিটে পাঁচতলা একটি বাড়ি। সেই বাড়ির দোতলায় হঠাৎই লেগে যায় আগুন। সূত্রের খবর, রান্না করার সময় আচমকাই গ্যাসের পাইপ ফেটে গিয়ে আগুন ধরে যায়। পুড়ে যায় ঘরের বেশ কিছু সামগ্রী। মুহূর্তের মধ্যে ঘটনাস্থলে পৌঁছায় দমকলের চারটি ইঞ্জিন। কালো ধোঁয়ায় ছেড়ে যায় এলাকা। গায়ে গায়ে বাড়ি হওয়ায় আগুন লাগার ঘটনায় চরম আতঙ্ক ছড়ায় এলাকায়।

### দুর্গোৎসবের

পাচের পাতার পর


মহালয়া হয়ে যাওয়া মানেই বাঙালির কাছে পুজো এসে যাওয়া। ইতিমধ্যেই শহরবাসী দিনগোনা আরম্ভ করে দিয়েছে। তবে, করোনা আবহে যাতে কোনোভাবেই রক্তের ঘাটতি না ঘটে তাই এবার ফোরাম ফর দুর্গোৎসব উদ্যোগ নিল রক্তদানের। নাম রাখা হয়েছে "মায়ের জন্য রক্তদান"। নেতাজি ইন্ডোরে একছাতার তলায় রক্তদান করলেন পুজো কমিটির সদস্যরা। তবে চলতি বছর পরও করোনা আবহে বাইরের কাউকে সেখানে প্রবেশ করতে দেওয়া হয়নি।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## নিরাপত্তা বাড়ান হচ্ছে ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালের

ঝাড়গ্রাম, ২০ সেপ্টেম্বর (হি.স.): নিরাপত্তা বাড়ান হচ্ছে ঝাড়গ্রামজেলা সুপার স্পেশালিটি হাসপাতালের। উল্লেখ্য শনিবার করোনা আক্রান্ত হয়ে এক যুবকের মৃত্যুর ঘটনায় উত্তাল হয়েছিল হাসপাতাল চত্ত্বর। হাসপাতালের এক চিকৎসককে মার ধরের ঘটনার পরেই জেলা হাসপাতালের চিকৎসক, স্টাফরা রাত পর্যন্ত টানা আবস্থানে বসেছিলেন। নিরাপত্তার দাবিতে সোচ্চার হয়েছিলেন তারা। ঝাড়্গামের প্রাক্তন সাংসদ উমা সরেনের আশ্বাসে শনিবার রাতে কর্মবিরতি ও ধর্ণা তুলে নেন জেলা সুপার স্পেশালিটি হাসপাতালের চিকিৎসকেরা। এরপর রবিবার ঝাড়গ্রাম জেলা স্বাস্থ্য দফতর হাসাপাতালে নিরাপত্তা বাড়ানোর পক্রিয়া শুরু করেছে।

জেলা স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে জেলার পুলিশ সুপার এবং জেলা শাসকের কাছে নিরাত্তা বড়ানোর আর্জি জানানো হয়েছে বলে জেলা স্বাস্থ্য দফতর সূত্রে জানা গিয়েছে। অন্যদিকে ঝাড়গ্রাম জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে চিকৎসক আর্নাশিষ হোতাকে মারধর করার ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেফতার করেছে ঝাড়গ্রাম শহর থেকে। ঝাড়গ্রাম জেলা স্বাস্থ্য দফতরের মুখ্য স্বাস্থ্য আধিকারিক প্রকাশ মৃধা বলেন " হাসপাতালের নিরাপত্তা আরো বাড়নো হচ্ছে। আমরা জেলা শাসক এবং জেলা পুলিশ সুপারকে আরও নিরাপত্তা দেওয়া জন্য জানিয়েছি।

উল্লেখ্য, ঝাড়গ্রাম কোভিট হাসপাতালে শুক্রবার রাতে এক যুবকের মৃত্যু হয়েছিল। আর এই ঘটনা নিয়ে মৃতের পরিবার অভিযোগ তুলেছিল তাদের কোন তথ্য জানানো হয় নি বলে। করোনাতে মৃত্যু হলেও পরিবারের করো নমুনা পরীক্ষা করার ব্যবস্থা করা হয় নি। এছাড়া মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়ার জন্য দাবি তুলেছিলেন তারা। আর এই নিয়ে শনিবার ঝাড়গ্রাম জেলা হাসপাতালের সামনে পাঁচ নম্বর রাজ্য সড়কে দফায় দফায় পথ অবরোধ, বিক্ষোভ চলেছিল। তার মধ্যেই ঝাড়গ্রাম জেলা হাসপাতালের চিকিৎসক অর্নাশিষ হোতাকে মারধর করা হয়। তার পরেই ঝাড়গ্রাম জেলা হাসপাতালের চিকৎসকদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়। হাসপাতাল সুপার ইন্দ্রনীল সরকার সহ অন্যান্য চিকিৎসক, নার্স, স্টাফরা আউটডোরের সামনে চাদর পেতে অবস্থান ধর্না শুরু করে। রাত প্রায় আটটা পর্যন্ত চলে আবস্থান কর্মসুচি। পরে ঝাড়গ্রামের প্রাক্তন সাংসদ, চিকৎসক উমা সোরেন হাসপাতালে চিকৎসকদের অবস্থান ধর্না স্থলে আসেন এবং চিকিৎসকদের সাথে কথা বলেন। তাদের দাবি গুলি শোনেন। তিনি আশ্বাস দেন তাদের দাবি গুলি রাজ্যের মুখ্যমন্ত্রীর নজরে আনবেন। তাঁর আশ্বাসের পর চিকৎসকরা অবস্থান তুলে নেন। এদিন ঝাড়গ্রাম জেলা স্বাস্থ্য দফতর হাসপাতলে নিরাপত্তা বাড়ানোর পক্রিয়া শুরু করে দিয়েছে বলে স্বাস্থ্য দফতর সূত্রে জানা গিয়েছে।

## জামবনীতে ছত্রধরের নেতৃত্বে প্রতিবাদ সভা

ঝাড়গ্রাম, ২০ সেপ্টেম্বর (হি.স.): কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রীয় সংস্থাগুলিকে বিক্রির বিরুদ্ধে জেলা জুড়ে প্রতিবাদ সভা করল শাসক দলের নেতাকর্মীরা। রবিবার ঝাড়্গাম জেলার জামবনী ব্লকের চিল্কীগড়ে প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন রাজ্য তৃণমুলের সম্পাদক ছত্রধর মাহাত। এদিন প্রথমে গোটা চিল্কীগড় বাজার এলাকায় মিছিল করেন তৃণমুলের নেতাকর্মীরা। পরে চিল্কীগড় বাজার এলাকায় একটি সভার আয়োজন করা হয়েছিল। এদিনের এই প্রতিবাদ সভা ও মিছিলে উপস্থিত ছিলেন রাজ্য যুব তৃণমুল কংগ্রেসের সহ সভাপতি দেবনাথ হাঁসদা, ঝাড়্গাম জেলা যুব তৃণমুল কংগ্রেসের সভাপতি শান্তনু ঘোষ, জেলা ছাত্রপরিষদের সভাপতি সত্যরঞ্জন বারিক সহ একাধিক তৃণমুলের নেতাকর্মীরা।

## নেতাজী সুভাষ বিদ্যানিকেতনের প্রাক্তন প্রধান শিক্ষক কালীপদ চক্রবর্তীর জীবনাবসান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** নেতাজী সুভাষ বিদ্যানিকেতনের প্রাক্তন প্রধান শিক্ষক কালীপদ চক্রবর্তীর জীবনাবসান হয়েছে। রবিবার দুপুর পৌণে একটা নাগাদ তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। তিনি কোভিড-১৯ আক্রান্ত ছিলেন। বাড়িতেই তিনি আইসোলেশনে ছিলেন। রবিবার দুপুরেও তিনি বেশ কয়েকজন বিশিষ্ট ব্যক্তিদের সাথে কথা বলেছেন। দুপুর পৌণে একটা নাগাদ তিনি অসুস্থতা বোধ করেন এবং শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর প্রয়াণে নেতাজী সুভাষ বিদ্যানিকেতন এলামনির তরফ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, প্রয়াত কালীপদ চক্রবর্তী এলামনির প্রাক্তন সভাপতিও ছিলেন।

## গাছ ভেঙ্গে রাস্তা অবরুদ্ধ

**নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ২০ সেপ্টেম্বর।।** গাছ ভেঙ্গে রাস্তা অবরোধ, যাত্রী দুর্ভোগ চরমে। ঘটনাটি ঘটে রবিবার দুপুর একটা নাগাদ গন্ডাছড়া মহকুমার ডুম্বুর নগর ব্লক চৌমুনি এলাকায়। জানা যায় গন্ডাছড়া থানার পেছনে বহু বছরের পুরোনো নিম গাছটি বিদ্যুতিক কুটি সহকারে হঠাৎ ডুম্বুর নগর ব্লক রাস্তা এলাকায় ভেঙ্গে পড়ে। এতে করে রাস্তার দুই দিকে অসংখ্য যানবাহন আটকিয়ে পড়ে। ঘটনার খবর পেয়ে রাস্তা সাড়াই করতে বন দপ্তর এবং বিদ্যুৎ দপ্তরের কর্মীরা ছুটে যায়। বিকাল নাগাদ বন দপ্তরের কর্মীরা রাস্তা সাড়াই করলেও কবে নাগাদ বিদ্যুৎ লাইনের সংস্কারের কাজ শেষ হবে তা কেউ বলতে পারছে না। এনিয়ে এলাকাবাসীদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে।

### বেল

তিনের পাতার পর

তাই টটেনহ্যামে যাওয়ার সিদ্ধান্ত নিয়ে ফেলেন বেল। বেল ছাড়াও ৩০ মিলিয়ন ইউরোতে সেভিয়া থেকে সার্জিও রিগুইলনকে আগামী মরসুমের জন্য দলে নিয়েছে টটেনহ্যাম হটস্পার। ক্লাবে ইতিমধ্যেই দুই ফুটবলারের স্বাস্থ্য পরীক্ষাও হয়ে গিয়েছে। এবার ক্লাবের জার্সি গায়ে আসন্ন মরসুমে ইপিএলের ট্রফি টটেনহ্যামকে দেওয়াই যে প্রধান লক্ষ্য হবে এই দুই ফুটবলারের, তা বলাই বাহুল্য।

### খতম অন্তত ৪০ জঙ্গি

তিনের পাতার পর

জখম হন কমপক্ষে আরও ১০ জন। যদিও সরকারের তরফে এখনও পর্যন্ত এই ঘটনায় সাধারণ মানুষের মৃত্যুর কথা জানানো হয়নি। তবে এই ঘটনার পরে দেশের সাধারণ নাগরিকদের সুরক্ষার স্বার্থে সংঘর্ষবিরতির আহ্বান জানান আফগানিস্তানের রাষ্ট্রপতি আশরাফ গানি । কিন্তু, তাতে সাড়া দেয়নি তালিবানরা

### অব্যাহত

তিনের পাতার পর

এপ্রসঙ্গে পাকিস্তান শিখ গুরুদ্বার প্রবন্ধক কমিটির সাধারণ সম্পাদক সর্দার অমর সিং বলেন, 'এই ঘটনার পরেই মেয়েটির বাবা ও কাকা ধর্মীয় বিষয়ক মন্ত্রী নুরুল হক কাদেরির সঙ্গে দেখা করেছেন। তারপরও কোনও খোঁজ মেলেনি। আমাদের আশঙ্কা পাকিস্তানের অন্য সংখ্যালঘু মহিলাদের মতোই হাল হয়েছে তাঁর।'

### উদযাপন শিলচরে

তিনের পাতার পর

সামাজিক স্বাধীনতা আজও জনগণ পায়নি। পুঁজিপতিদের মুনাফার স্বার্থে দেশের সরকার একদিকে একের পর এক জনবিরোধী সিদ্ধান্ত নিয়ে চলছে। অন্যদিকে শোষিত মানুষের ঐক্যকে ভেঙে দিতে সাম্প্রদায়িকতা, আঞ্চলিকতাবাদী শক্তিগুলোকে মদত যোগাচ্ছে। তিনি কনকলতার দেশপ্রেমিক মনোভাব ও আত্মবলিদানের ইতিহাসকে ছাত্রছাত্রীদের মধ্যে ছড়িয়ে দিয়ে শোষণহীন সমাজ গড়ে তুলতে সবাইকে এগিয়ে আসতে আহ্বান জানান। এক প্রেস বার্তায় পল্লব ভট্টাচার্য এ খবর জানিয়েছেন।

## এসটি মোর্চার উদ্যোগে সেবা সপ্তাহ উপলক্ষে খাদ্যসাগ্রী বিতরণ চিকনছড়ায়

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২০ সেপ্টেম্বর।।** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন কে কেন্দ্র করে ভারতীয় জনতা পার্টির উদ্যোগে সেবা সপ্তাহ কর্মসূচি চলছে সারা রাজ্য জুড়ে।

জন্মদিন উপলক্ষে সেবা সপ্তাহ হিসেবে পালন করছে ভারতীয় জনতা পার্টির বিভিন্ন মোর্চা। তারই অংশ হিসেবে গোলাঘাটি বিধানসভার চিকনছড়া পানায় মাঠে বিজেপি এসটি মোর্চার উদ্যোগে প্রায় ৭০ জন অসহায় গরীব মানুষের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। সেখানে উপস্থিত ছিলেন সিপাহজলা জেলা জনজাতি মুর্চার সভাপতি কানুরাজ দেববর্মা, বিজিপির সিপাহজলা জেলা সম্পাদক গৌরাঙ্গ ভৌমিক, জনজাতি মুর্চার মন্ডল সভাপতি গোবিন্দ দেববর্মা, বিজেপির জেলা কমিটির অন্যতম সদস্য শ্রীরাম দেববর্মা, জনজাতি মোর্চার জেলার সাধারণ সম্পাদক রাজেশ দেববর্মা, মাইনরিটি মোর্চার সদস্য মামন রাসিদ, রাজু দেববর্মা প্রমুখ। সভায় আলোচনাকালে এসটি মোর্চার সভাপতি কানুরাজ দেববর্মা, বলেন বিশিষ্টজনদের জন্মদিন কেক কাটার মধ্য দিয়ে পালিত হয় কিন্তু ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উনার ব্যক্তিত্বের জানান দিতে গিয়ে শুভ জন্মদিন কে সামাজিক কর্মসূচির মধ্য দিয়ে পালন করছেন যেমন বৃক্ষরোপণ স্বচ্ছ ভারত অভিযান রক্তদান শিবির খাদ্য সামগ্রী বিতরণ শিক্ষা সামগ্রী বিতরণ ইত্যাদি কাজের মধ্য দিয়ে ব্যতিক্রমী ইতিহাস সৃষ্টি করেছেন। উনার আদর্শে অনুপ্রাণিত হয়ে ভারতীয় জনতা পার্টিতে দলে দলে যোগদান করে মজবুত করার জন্য উপস্থিত কার্যকর্তাদের প্রতি আবেদন করেন তিনি। এসটি মোর্চার মন্ডল সভাপতি গোবিন্দ দেববর্মা বলেন ভারতীয় জনতা পার্টির সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর লোকসভা নির্বাচন পঞ্চায়েত নির্বাচনসহ অন্যান্য সংস্থার নির্বাচনে ভারতীয় জনতা পার্টি বিপুল ভোটে জয়যুক্ত হয়েছে। আসন্ন এডিসি নির্বাচনেবিজিবি মনোনীত প্রার্থীদের বিপুল ভোটে জয়যুক্ত করে অগ্রগতি অব্যাহত রাখার জন্য সকলের প্রতি আবেদন করেন তিনি।ভারতীয় জনতা পার্টি কোন নির্দিষ্ট কোন জাতির দল নয়। এই পার্টি হিন্দু, মুসলিম, উপজাতি সকল অংশের মানুষের পার্টি। তাই এই পার্টিকে আগামী দিনে সার্বিকভাবে সহযোগিতার মধ্য দিয়ে আরো বেশি শক্তিশালী করার জন্য জনতার প্রতি আবেদন করেন তিনি। রাজ্য সরকার এডিসিকে সার্বিকভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করছেন। পরিকল্পনাগুলো বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা একান্ত প্রয়োজন বলে মনে করেন তিনি।

একদিনের সেবা সপ্তাহ উপলক্ষে কার্যকর্তাদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

### দলগুলি

● প্রথম পাতার পর

কৃষকদের সুরক্ষা ও ক্ষমতায়ন চুক্তি' সংক্রান্ত বিল পাশ হয়েছে রাজ্যসভায়।

শুধু বিরোধী নয়, বৃহস্পতিবার লোকসভায় কৃষি বিলের প্রতিবাদে সরব হয়েছিলেন অকালি দলের প্রধান প্রকাশ সিংহ বাদলের পুত্রবধূ হরসিমরত কউর। কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে ইস্তফাও দেন তিনি। হরিয়ানায় বিজেপির সহযোগী জেজেপি'ও বিলের বিরোধিতায় ইতিমধ্যেই সরব হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুক্রবার কৃষি বিল প্রসঙ্গে বিরোধীদের নিশানা করে বলেন, "মিথ্যে প্রচার চালানো হচ্ছে যে, সরকারি ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) মিলবে না।" এর পরে প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরম শনিবার প্রশ্ন তোলেন চাষিরা সরকারি মন্ডির বাইরে কোনও ব্যক্তি বা সংস্থাকে ফসল বিক্রি করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা সংস্থা ন্যূনতম সহায়ক মূল্য বা তার চেয়ে বেশি দরে ফসল কিনতে বাধ্য থাকবেন, এমন কোনও শর্তের কথা বিলে নেই কেন? এদিন বিতর্কে সেই প্রশ্নের সদুত্তর না দিয়েই রাজ্যসভায় শক্তি পরীক্ষায় উতরে গেল সরকার পক্ষ।

### আগরতলায়

● প্রথম পাতার পর

সন্দেহের দানা বাঁধতে শুরু করে তাদের। একসময় কন্যা সন্তান হয়েছে বলে জানিয়েও দেওয়া হয়। পরে রোগীর পরিজনেরা তাকে দেখতে চাইলে তার ২ বোতল রক্তের প্রয়োজন বলে জানিয়ে দেওয়া হয়। রক্তের জোগাড় করে তারা আসতেই জানিয়ে দেওয়া হয় রোগী মৃত্যুর ঘটনা। মৃতের মা জানিয়েছেন, তার মেয়েকে দেখতে পর্যন্ত দেওয়া হয়নি।

অভিযোগ করে আরও বলেন, তার মেয়ের নালি কেটে মেরে ফেলা হয়েছে। এই ঘটনার পর ক্ষোভ ছড়িয়ে পরলে ছুটে আসেন পশ্চিম থানার পুলিশ। সেখানে রোগীর পরিজনদের থামাতে গেলে ক্ষোভের মুখে পড়তে হয় তাদেরও। এক সময় পরিস্থিতি স্বাভাবিক হলে রোগীনীর পরিবারের পক্ষ থেকে পুলিশের কাছে একটি অভিযোগ জানানো হয়েছে বলে খবর।

### চাঞ্চল্য

● প্রথম পাতার পর

জানতে পারে রাতে এক অক্সিডেন্টের রোগীকে নিয়ে আই জি এম গিয়েছিল সোনাই। এরপর থেকে তাঁর কোন খোঁজ পাওয়া যায়নি। মাঝে রামনগর ফাঁড়িতে নিখোঁজ ডায়েরি করা হয়। পুলীশ জানায় স্থানীয় বাসিন্দা ও এক শিক্ষকের কাছ থেকে খবর পেয়ে তারা এসেছেন। তদন্ত শুরু করেছে পুলিশ। ফোন যাচাই করে দেখা গেছে ১ সেপ্টেম্বরের পর আর কোন ফোন করেনি সে। নিখোঁজ ডায়েরী অনুযায়ী পুলীশ মৃতদেহ সনাক্ত করেছে। স্কুলের উপর তলায় পরিত্যক্ত ঘরের দরজায় ব্যাল্ট ঝোলানো অবস্থায় ছিল। পুলিশের প্রাথমিক অনুমান আত্ম হত্যা করেছে সোনাই দাস। তাঁর পরেও সঠিক বিষয় ক্ষতিয়ে দেখা হচ্ছে। স্কুলের পেছনের দিক দিয়ে প্রবেশ করা যায় বলে জানায় পুলিশ। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য দেখা দিয়েছে।

### বিএসএফ

আটের পাতার পর

মাদক ভারতে পাচার করার চেষ্টা হয়েছিল। পাকিস্তান থেকে এই মাদকগুলি পাচার হয়ে ভারতে এসেছে। বিএসএফ এর তরফ থেকে জানানো হয়েছে ঘটনাস্থলে যাওয়ার পর পাকিস্তানের দিক থেকে আসা এক ব্যক্তি বিএসএফের এক জওয়ানকে লক্ষ্য করে গুলি ছোড়ে। পাল্টা যোগ্য জবাব দেয় বিএসএফ।এর পর ঘটনাস্থল থেকে চম্পট দেয় ওই ব্যক্তি।

## শ্রদ্ধা নিবেদন

আটের পাতার পর

সিবিআইয়ের হাতে দিলেও, তদন্তের কাজ নিয়ে সরকারের কোন আগ্রহ নেই। শান্তনু খুনের বিচার আজও অধরা। গোটা পরিবারটিই আজ নিঃস্ব। আন্দোলনকারী সাংবাদিকদের দাবি মেনেই তদানীন্তন সরকার শান্তনুর পরিবারকে ১০লক্ষ টাকা আর্থিক সাহায্য করেছিল। সংগঠনের পক্ষেও তার পরিবারকে কিছু সাহায্য করা হয়েছিল। তিনি অভিযোগ করেন রাজনৈতিকদের লক্ষ্য ক্ষমতা দখল ও ভোগ করা, বিপ্লব কুমার দেব-র সরকারও তাই করছে। নির্বাচনি অন্যান্য বেহিসাবি প্রতিশ্রুতির মতোই শান্তনু ভৌমিক হত্যা মামলার সি বি আই তদন্তের প্রতিশ্রুতিও যে জুমলা ছিল তা রাজ্যবাসী এখন বুঝতে পারছেন।

তাই আর কোন রাজনৈতিকদের কাছে এই সাংবাদিক খুনের বিচার আশা করে না সংগঠন। এই বিষয়ে সিবিআইকে আবার সরাসরি চিঠি দেওয়া হবে এবং সুষ্ঠু বিচারের দাবিতে আন্দোলন পর্যায়ক্রমে চলবে। এই স্মরন সভায় সংগঠনের অন্যন্য নেতৃত্বরাও উপস্থিত ছিলেন।

### শ্রমজীবী বাজার

পাচের পাতার পর

তাকিয়ে এমন কর্মসূচী নেওয়া হয়নি বলেও জানালেন সুজন চক্রবর্তী। মানুষের মধ্যে পৌঁছাতে রাজ্যের শাসক দল ভোট কৌশলী প্রশান্ত কিশোরের হাত ধরেছে। বিজেপিও সোশ্যাল মিডিয়াকে ব্যাবহার করে মানুষের কাছে যাবার চেষ্টা চালাচ্ছে। সেইদিক থেকে বামদের মানুষের কাছে পৌছানোর এমন রনকৌশল তারিফ করেছেন যাদবপুরের সাধারন মানুষ।

## অ্যামওয়ে : অনলাইন অর্ডারে দ্রুত হোম ডেলিভারিতে ব্যাপক সাড়া

**আগরতলা, ২০ সেপ্টেম্বর।।** ২০২০ইং অ্যামওয়ে ইন্ডিয়া, দেশের অনুভব শ্রেষ্ঠ এফএমসিজি ডাইরেক্ট সেলিং কোম্পানি, অনলাইনে অর্ডার করার বিপুল উৎসাহকে সমর্থন প্রদান করতে তাদের হমে ডেলিভারি ও লজিস্টিক নেটওয়ার্ক আরও উন্নত করার কাজে নেমে পড়েছে। শিল্পোদ্যোগের ক্ষমতার সাথে সশ্যোল কমার্সের উত্থানকে ব্যবহার করে, নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণের উদ্দেশ্যে এই আন্তর্জাতিক ডাইরেক্ট সেলিং সার্জেন্ট এই বছরের শুরু যেকে অফলাইন-ট-অনলাইন একাঙ্গীকরণের কাজ শুরু করেছে। অনলাইন বিক্রির ক্ষেত্রে এই কোম্পানি উল্লেখযোগ্য প্রবণতা বুদ্ধি লক্ষা করেছে, ফেব্রুয়ারী ২০২০ এর ৩৩ দশমিক ৬ শতাংশ থেকে আজ ৭০ শতাংশে পৌঁছেছে। আমিওয় আশা করে এই প্রবণতা চলভে খাবে এবং বছরের শেষে অনলাইন অর্ডার প্রতি মাসে ৫ থেকে ৬ লাখের বেশী হবে বলে মনে করা হচ্ছে।

অ্যামওয়ে হমে ডেলিভারি কৌশল সম্পর্কে কথা বলার সময় অ্যামওয়ে ইন্ডিয়ার সিইও, অংশু বুধবাজা বলেন, "গত কয়েক মাসে আমরা ক্রেতাদের আচরণে এক ও পরিবর্তন লক্ষ্য করেছি, বিশেষ করে রিটেল (ক্ষত্রে, মানুষ অনেক বেশী করে অনলাইন ম্যাটফর্ম থেকে কেনাকাটা করছেন। ওযেব সেন ছিণ হয়ে যাওয়ার কারণে হমে ডেলিভারি অর্ডারের ক্ষেত্রে উল্লেখযগ্যে উধ্বমুখী পরিবর্তন ঘটেছে। আমাদের সাল্লু (চন ও লজিস্টিক আরও মজবুত করার ব্যবস্থা করছি। ওয়ারেহাউস আয়গা, কর্মীসংখ্যা বৃদ্ধি করে, নতুন লজিস্টিকস পার্টনারের সাথে সংখুক্ত হয়ে, ওয়্যারহাউস অটোমেশন ব্যবস্থা উন্নত করে এবং আরও অন্যান্য ব্যাক-এন্ড প্রক্রিয়ার মাধ্যমে হমে ডেলিভারির অভিজ্ঞতা বাড়াতে আমরা ৩০ কোটি টাকা বিনিয়োগ করছি। সময়ের সাথে সাথে জামায ইন্ডিয়ার অফলাইন ও অনলাইন স্লাটফর্ম উত্তয়ই আমাদের ভবিষ্যৎ কৌশলের গুরুত্বপূর্ণ অংশে পরিণত হবে।

অ্যামওয়ে ইন্ডিয়ান গ্লোবাল ওমেন চ্যানেল লজিস্টিকসের ভাইস প্রেসিডেন্ট, সঞ্জীব সুবি বলেন, বর্তমানে, আমরা ২ লক্ষ ৮০ হাজারেরও বেশি হমে ডেলিভারি দিচ্ছি, যা আমাদের মটে বিক্রির প্রায় ৭০ থেকে ৮০ শতাংশ। এখান থেকে বঝো যায় এক নতুল সময়ে আমরা চলে এসেছি যেখানে গ্রাহক কেবল একটি বোতাম টিপে সবকিছু পেয়ে যাচ্ছেন। এই প্রবণতা বিশেষভাবে প্রযজ্যে ভারতীয় ক্রেতাদের মধ্যে, যারা ই-কমার্সকে সাদরে গ্রহণ করেছেন, এই ক্রমবর্ধমান প্রবণতা মেনে, আগামী বছরের প্রথম কোষাটারের মধ্যে আমরাও একই দিনে ডেলিভারি ও অনলাইনে ফেরত নওয়ার পরিষেবা শুরু করার সরিকল্পনা করেছি, যাতে কেনাকাটার পরের অভিজ্ঞতা আরও ভালো করা যায়। ' কোম্পানিটি এখন ৮ হাজার পিন কোডে পরিষেবা দিচ্ছে এবং নিজেদের নেটওয়ার্ক উন্নত করা ও পাটনার যগে করার মাধ্যমে ১৫ হাজার পিন কোডে পৌঁছে যাওয়ার লক্ষ্য নিয়েছে। অ্যামওযে নিজেদের অনলাইন চাহিদা মেটাতে সারা ভারত জুড়ে অতিরিক্ত ৪০ শতাংশ তৃতীয়-পক্ষের কর্মী নিযগে করছে। সম্প্রতি একাধিক ডিজিটাল ও সশ্যোল টুল চালু করার মাধ্যমে, অ্যামওযে ইন্ডিয়া ডাইরেক্ট সেলারদের কাজ ১০ গুণ সহজ করার ব্যবস্থা করেছে, যার মাধ্যমে তারা অনলাইনে পণ্য কেনাবেচা করতে পারবেন এবং নিজেদের ব্যবসায় উন্নতি ঘটাতে পারবেন।

### জিবি

● প্রথম পাতার পর

থেকে বিরত থাকার হুমকিও দিয়েছেন।

উল্লেখ্য জিবি হাসপাতালে চিকিৎসা গাফিলতিতে রোগীর মৃত্যুর ঘটনা প্রায়ই ঘটে চলেছে ।আচরণের অভিযোগ তোলে প্রায়ই হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক নার্স এবং স্বাস্থ্য কর্মীদের ওপর উত্তেজিত লোকজন হামলা চালাচ্ছে। পরপর এসব ঘটনাকে কেন্দ্র করে জিবি হাসপাতালে পরিবেশ ক্রমশ কলুষিত হচ্ছে। জিবি হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী নিরাপত্তা নিয়ে সংশয়ে পড়েছেন।

### আজ

● প্রথম পাতার পর

ত্রিপুরা বনধ সর্বাত্মক এবং স্বতঃস্ফূর্তভাবে সফল করবেন।

এদিন সাংবাদিক দের পক্ষ থেকে প্রশ্ন করা হলে প্রদেশ কংগ্রেস সভাপতি পীযূষ কান্তি বিশ্বাস বলেন, ত্রিপুরায় বিজেপি সরকারের বিরুদ্ধে কংগ্রেসের সংগঠনকে মজবুত করার জন্য যথেষ্ট আন্তরিক দলের নবনিযুক্ত কেন্দ্রীয় পর্যবেক্ষক। গত ১৮ তারিখ প্রদেশ কংগ্রেস সভাপতিকে তিনি ডেকে পাঠিয়ে রাজ্যের রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে যাবতীয় খোঁজখবর নেন। দলের সংগঠনকে মজবুত করার মাধ্যমে সরকারের বিরুদ্ধে আন্দোলন কর্মসূচি জোরদার করার জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক যথেষ্ট আন্তরিক বলে জানিয়েছেন পীযূষ কান্তি বিশ্বাস। তিনি বলেন এই সার্বিক ক্ষেত্রে দলের সর্বভারতীয় কমিটি যাবতীয় সাহায্য করবে।

### বিজেপি

● প্রথম পাতার পর

দল একে অপরের পরিপূরক।

সম্প্রতি সিপিআইএম সাংবাদিক সম্মেলন করে জিবি হাসপাতালের পরিষেবা এবং রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান তথা সাংসদ প্রতিমা ভৌমিককে নিয়ে যে ধরনের বক্তব্য রেখেছে তার তীব্র নিন্দাদায়ক। কারণ রাজ্যে রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান তথা সাংসদ প্রতিমা ভৌমিক জনপ্রতিনিধি হিসেবে জিবি কোভিড ট্রিটমেন্ট সেন্টার নিয়ে যে ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে এতে পরিষেবা আরও উন্নত হচ্ছে। রোগী এবং রোগীর পরিজনদের সাথে আলোচনা করে খোঁজ খবর রাখছেন।

যা বিরোধীদল সিপিআইএম ভালো ভাবে মেনে নিতে পারছে না। এতে স্পষ্ট হয়ে উঠেছে জিবি হাসপাতালে মানুষের জীবন নিয়ে খেলা শুরু হয়েছিল। বিরোধী দলের তারা গত কয়েকদিনে ব্যর্থ হয়েছে। এখন তারা মুখ খুলতে শুরু করেছে। তারা জানে না রাজ্য সরকার কোভিড পরিস্থিতি মোকাবিলা করতে ডব্লিউ এইচ ও গাইডলাইন মেনে চলেছে। এবং প্রতিদিন কোভিড মুকাবিলা যাবতীয় তথ্য ডব্লিউ এইচ ও কাছে পেশ করছে। আর সিপিআইএম যখন ক্ষমতায় ছিল তখন রাজ্যে ম্যালেরিয়া আন্ত্রিকে বহু মানুষের মৃত্যু হতো।

কেন্দ্রীয় টিম রাজ্যে আসলে সেই গাইডলাইন মানত না তৎকালীন সরকার। আর বর্তমানে বিরোধী দলের হয়ে অসত্য তথ্য তুলে ধরছে রাজ্যবাসী কাছে। তীব্র নিন্দা জানায় প্রদেশ বিজেপি বলে জানান তিনি।

### মাছে

● প্রথম পাতার পর

করে মাছের চাষ করার পরামর্শ দেন। মুখ্যমন্ত্রী বলেন, করোনা পরিস্থিতিতেও ত্রিপুরার সরকার সাধারণ মানুষের আর্থিক ক্ষতি যাতে না হয় সেই দিশাতে কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারত গড়ার স্বপও সফল হবে। সেইসাথে আত্মনির্ভর ত্রিপুরাও গড়ে উঠবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষণে মৎস্যমন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা বলেন, স্বনির্ভর ত্রিপুরা গড়ার লক্ষ্যে মৎস্যচাষ সম্পসারণে সরকার অগ্রাধিকার দিয়েছে। তিনি আধুনিক পদ্ধতিতে মাছ চাষে মৎস্যচাষীদের এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে সভাপতি বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাসও বি'ানসম্মত উপায়ে মাছ চাষ করার উপর গুরুত্ব আরোপ করে বেকার যুবক-যুতীদের এই প্রশিক্ষণ কেন্দ্রের সুযোগ গ্রহণ করার আহ্বান জানান। এছাড়াও অনুষ্ঠানে মাছ চাষের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন পূর্বোদয় সামাজিক সংস্থার সম্পাদক নীতি দেব এবং অনুষ্ঠানের সম্মানীয় অতিথি টি আই ডি সি'র চেয়ারম্যান টিংকু রায়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন রঙ্গময়ী মৎস্য গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক কিশোর কুমার দাস।

### মধুপুরে

● প্রথম পাতার পর

নাগাদ মধুপুর জাম চৌমুহনী এলাকায় গাড়ি পার্কিং করেন রাজিব সাহা এবং দিলীপ শীল দুজনেই। যাত্রী নিয়ে যাওয়ার ক্ষেত্রে দুজনের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়।


এনিয়ে পরিস্থিতি উদ্বেগজনক আকার ধারণ করে ।গাড়িচালক রাজীব সাহা কে অপরাধী চালকদের শীল ও তারপুত্র মিঠুন শীল মিলে তারা কুপিয়ে গুরুতর জখম করেছে। এ ব্যাপারে মধুপুর থানার পুলিশ সুনির্দিষ্ট মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। ঘটনার সুষ্ঠু তদন্ত ক্রমে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন স্থানীয় জনগণ।

# এমবাপের নৈপুণ্যে পিএসজির দারুণ জয়



নতুন মৌসুমে অবশেষে চেনা রূপে দেখা গেল পিএসজিকে। কোভিড-১৯ থেকে সেরে উঠে প্রথম খেলতে নেমে গোল করলেন ও করালেন কিলিয়ান এমবাপে। বিশ্বকাপজয়ী তারকার দারুণ পারফরম্যান্সে নিসকে হারিয়েছে লিগ ওয়ানের শিরোপাধারীরা।
প্রতিপক্ষের মাঠে রোববার লিগ ম্যাচে ৩-০ গোলে জিতেছে টমাস টুখেলের দল। এমবাপে দলকে এগিয়ে নেওয়ার পর বিরতির আগে ব্যবধান দ্বিগুণ করেন আনহেল দি মারিয়া। পিএসজির শেষ গোলটি করেন মার্কিনিয়োস।প্রথম দুই ম্যাচে হারের পর গত রাউন্ডে মেসের বিপক্ষে ইউলিয়ান ড্রাক্সলারের শেষ মুহূর্তের গোলে জিতেছিল পিএসজি। তিন ম্যাচের কোনোটিতেই তাদের পারফরম্যান্স সন্তোষজনক ছিল না। অবশেষে দলটিকে চেনা রূপে দেখা গেল।
ম্যাচের ২৫তম মিনিটে দলকে এগিয়ে নেওয়ার দারুণ সুযোগ নষ্ট করেন এমবাপে। মাউরো ইকার্দির পাস ধরে গোলরক্ষককে একা পেয়েছিলেন তিনি; কিন্তু উড়িয়ে মেরে হতাশ করেন ফরাসি ফরোয়ার্ড।৩৬তম মিনিটে এমবাপের নৈপুণ্যেই এগিয়ে যায় পিএসজি। ডি-বক্সে তিনি ফাউলের শিকার হলে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। জোরালো শটে আসরে নিজের প্রথম গোল করেন বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ দামি ফুটবলার।দুই মিনিট পর ব্যবধান দ্বিগুণ হতে পারতো, তবে আন্দের এররেরার শট পোস্টে লাগে। আর ৪২তম মিনিটে কেইলর নাভাসের নৈপুণ্যে বেঁচে যায় পিএসজি। মার্কিনিয়োসের বাধা এড়িয়ে পর্তুগিজ ফরোয়ার্ড রনি লোপেসের শট পা দিয়ে রুখে দেন কোস্টা রিকার এই গোলরক্ষক।
প্রথমার্ধের যোগ করা সময়ে ব্যবধান দ্বিগুণ করেন দি মারিয়া। গোলটির পেছনে বড় কৃতিত্ব এমবাপের। বাঁ দিক দিয়ে একজনকে কাটিয়ে ডি-বক্সে ঢুকে আরেকজনকে কাটিয়ে তার নেওয়া জোরালো শট ঝাঁপিয়ে ঠেকান গোলরক্ষক, কিন্তু বিপদমুক্ত করতে পারেননি তিনি। ফিরতি বল পেয়ে নিচু শটে জালে পাঠান আর্জেন্টাইন মিডফিল্ডার দি মারিয়া।দ্বিতীয়ার্ধে তিন মিনিটের ব্যবধানে দুটি সুযোগ নষ্ট করেন ইকার্দি। ৫৯তম মিনিটে তার জোরালো শট ঠেকিয়ে দেন নিস গোলরক্ষক দানিয়েল বেনিতেস। ইকার্দির পরের প্রচেষ্টা পোস্টে বাধা পায়।
৬৬তম মিনিটে মার্কিনিয়োস ব্যবধান আরও বাড়ালে জয় প্রায় নিশ্চিত হয়ে যায় সফরকারীদের। ডান দিক থেকে দি মারিয়ার নেওয়া ফ্রি-কিকে গোলমুখে হেডে ঠিকানা খুঁজে নেন ব্রাজিলিয়ান এই ডিফেন্ডার। চার ম্যাচে দুই জয়ে ৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকায় আট নম্বরে উঠেছে পিএসজি। তিন জয় ও এক ড্রয়ে ১০ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে রেন।

# শেষ দিকের গোলে আর্সেনালের জয়



প্রতিপক্ষের মাঠে জয় দিয়ে প্রিমিয়ার লিগের নতুন আসর শুরু করা আর্সেনাল ঘরের মাঠে পয়েন্ট হারাতে বসেছিল। তবে ওয়েস্ট হ্যাম ইউনাইটেডের বিপক্ষে শেষ দিকের গোলে পুরো ৩ পয়েন্ট নিয়েই মাঠ ছেড়েছে মিকেল আর্তেতার দল।এমিরেটস স্টেডিয়ামে শনিবার ম্যাচটি ২-১ গোলে জেতে আর্সেনাল। আলেকসঁদ লাকাজেত স্বাগতিকদের এগিয়ে নেওয়ার পর সফরকারীদের সমতায় ফেরান আন্তোনিও। শেষ দিকে জয়সূচক গোলটি করেন এডি এনকেটিয়া।ফুলহ্যামের মাঠে ৩-০ গোলে জেতা ম্যাচ থেকে তিনটি পরিবর্তন এনে খেলতে নামা আর্সেনাল বল দখলে আধিপত্য করলেও শুরুতে তাদের আক্রমণে ধার ছিল না।
২৫তম মিনিটে দলকে এগিয়ে নেন লাকাজেত। পিয়েরে-এমেরিক অবামেয়াংয়ের বুদ্ধিদীপ্ত ক্রসে ছয় গজ বক্সের সামনে থেকে হেডে ঠিকানা খুঁজে নেন এই ফরাসি ফরোয়ার্ড। প্রথম ম্যাচেও দলের প্রথম গোলটি করেছিলেন তিনি।অষ্টম স্থানে থেকে গত লিগ শেষ করা আর্সেনাল লিড ধরে রাখতে পারেনি। প্রথমার্ধের নির্ধারিত সময়ের শেষ মিনিটে ওয়েস্ট হ্যামকে ম্যাচে ফেরান আন্তোনিও। ডান দিক থেকে স্বদেশি রায়ান ফ্রেডেরিকসের নিচু ক্রসে খুব কাছ থেকে পা ছুঁয়ে বল জালে পাঠান এই ইংলিশ ফরোয়ার্ড।দ্বিতীয়ার্ধের শুরুতে ভালো একটি সুযোগ নষ্ট করে সফরকারীরা। ৬৭তম মিনিটে ভাগ্যের জোরে বেঁচে যায় আর্সেনাল। আন্তোনিওর হেড ফেরে ক্রসবারে লেগে।এরপর ড্রয়ের দিকেই এগোচ্ছিল ম্যাচ। তবে ৮৫তম মিনিটে এনকেটিয়ার গোল গড়ে দেয় ব্যবধান। দানি সেবাইয়োসের পাস থেকে ফাঁকা জালে বল পাঠান ৭৭তম মিনিটে লাকাজেতের বদলি নামা এই ইংলিশ ফরোয়ার্ড। জয়ের হাসি নিয়ে মাঠ ছাড়ে আর্সেনাল।দিনের প্রথম ম্যাচে ডমিনিক কালভার্ট-লুইনের হ্যাটট্রিকে ওয়েস্ট ব্রমউইচ অ্যালবিওনকে ৫-২ গোলে হারানো এভারটন দুই ম্যাচে দুই জয়ে ৬ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে।
সমান পয়েন্ট নিয়ে দুইয়ে আর্সেনাল।আসরে নিজেদের প্রথম ম্যাচে হেরে গেছে ম্যানচেস্টার ইউনাইটেড। প্রতিযোগিতার সফলতম দলটিকে তাদেরই মাঠে ৩-১ গোলে হারানো ক্রিস্টাল প্যালেসের পয়েন্টও ৬।

# ব্রাইটনকে হারিয়ে মৌসুম শুরু চেলসির



দলের শক্তি বাড়িয়ে দারুণ কিছুর ইঙ্গিত দেওয়া চেলসি নতুন মৌসুমের শুরু বেশ ভালো করেছে। ব্রাইটন অ্যান্ড হোভ অ্যালবিওনকে হারিয়ে ইংলিশ প্রিমিয়ার লিগে শুভ সূচনা করেছে ফ্র্যাঙ্ক ল্যাম্পার্ডের দল।প্রতিপক্ষের মাঠে সোমবার রাতে ৩-১ গোলে জিতেছে গত মৌসুমে চতুর্থ স্থানে থেকে লিগ শেষ করা দলটি। জর্জিনিয়োর গোলে তারা এগিয়ে যাওয়ার পর দ্বিতীয়ার্ধে সমতা টানেন লেয়ান্দ্রো ত্রোসার। তবে অল্প সময়ের ব্যবধানে রিস জেমস ও কুর্ত জুমার গোলে ম্যাচের নিয়ন্ত্রণ পেয়ে যায় চেলসি।২০১৯-২০ আসরে এই মাঠ থেকে ১-১ ড্র করে ফিরেছিল চেলসি। এবার আধিপত্য ধরে রেখেই হাসিমুখে মাঠ ছাড়ে তারা।ম্যাচের শুরুর দিকে ব্রাইটনের গোল খাওয়ার পেছনে বড় দায় তাদের গোলরক্ষক ম্যাথিউ রায়ানের। তার ভুলের সুযোগে বল পেয়ে দ্রুত ডি-বক্সে ঢুকে পড়েন টিমো ভেরনার। তাকে আটকাতে একরকম বাধ্য হয়েই ফাউল করেন অস্ট্রেলিয়ান এই গোলরক্ষক।
২৩তম মিনিটে নিখুঁত স্পট কিকে দলকে এগিয়ে নেন জর্জিনিয়ো।৩৬তম মিনিটে প্রতিপক্ষের রক্ষণে ভীতি ছড়ায় ব্রাইটনের স্টিভেন আলসাতে। দুজনকে পেছনে ফেলে কলম্বিয়ার এই ফরোয়ার্ডের জোরালো শট ঝাঁপিয়ে ফেরান গোলরক্ষক কেপা আরিসাবালাগা।যোগ করা সময়ে ব্যবধান দ্বিগুণ করার দারুণ সুযোগ পেয়েছিল চেলসির হয়ে প্রথম খেলতে নামা ভেরনার। তবে জার্মান ফরোয়ার্ডের শট ঝাঁপিয়ে কর্নারের বিনিময়ে ঠেকিয়ে দেন রায়ান।দ্বিতীয়ার্ধের নবম মিনিটে সমতায় ফেরে স্বাগতিকরা। ডি-বক্সের বাইরে থেকে জোরালো শটে ঠিকানা খুঁজে নেন বেলজিয়াম ফরোয়ার্ডের ত্রোসার। তাদের স্বস্তি অবশ্য বেশিক্ষণ স্থায়ী হয়নি। দুই মিনিট পরই জেমসের দারুণ নৈপুণ্যে ফের এগিয়ে যায় চেলসি। প্রায় ২৫ গজ দূর থেকে বুলেট গতির শটে বল জালে পাঠান ২০ বছর বয়সী এই ইংলিশ ডিফেন্ডার।
৬৬তম মিনিটে সৌভাগ্যসূচক গোলে ব্যবধান বাড়ায় চেলসি। কর্নারে ফরাসি ডিফেন্ডার জুমার নিচু শট ঠেকাতে পা বাড়ান ব্রাইটনের সেন্টার-ব্যাক অ্যাডাম ওয়েবস্টার, উল্টো বল তারে পায়ে লেগে দিক পাল্টে জালে জড়ায়।
কিছুই করার ছিল না গোলরক্ষকের।বাকি সময়ে আক্রমণ-পাল্টা আক্রমণ চললেও উল্লেখযোগ্য সুযোগ তৈরি করতে পারেনি কেউই।বড় দলগুলোর মধ্যে লিগের প্রথম রাউন্ডে প্রত্যাশিত জয় পেয়েছে শিরোপাধারী লিভারপুল ও আর্সেনাল।

# হেরে লিগ শুরু ইউনাইটেডের



নিজেদের মাঠে ম্যানচেস্টার ইউনাইটেডের শুরুটা হলো যাচ্ছেতাই। ধারহীন ফুটবল খেলে ক্রিস্টাল প্যালেসের কাছে হেরে ইংলিশ প্রিমিয়ার লিগের ২০২০-২১ মৌসুম শুরু করল উলে গুনার সুলশারের দল।ওল্ড ট্র্যাফোর্ডে শনিবার ৩-১ গোলে হারে ইউনাইটেড। প্রথমার্ধে দুই গোল হজমের পর দ্বিতীয়ার্ধে আরও এক গোল খায় তারা। দনি ফন দে বেকের গোলে ম্যাচে ফেরার সুযোগ পেলেও শেষ রক্ষা হয়নি প্রতিযোগিতার সফলতম দলটির।মুখোমুখি দেখায় ২২ লিগ ম্যাচে ক্রিস্টালের বিপক্ষে হার ছিল মাত্র ১টি। লিগের ইতিহাসে ইউনাইটেডের চেয়ে বেশিবার (১৯বার) জয়ে সূচনা পায়নি আর কোনো দল। কিন্তু তাদের খেলায় প্রতিফলিত হয়নি কিছুই। গতবার প্রথম জয়ের দেখা পাওয়া ক্রিস্টাল ধরে রাখল ধারাবাহিকতা।গুছিয়ে ওঠার আগেই গোল খেয়ে বসে গত মৌসুমে তৃতীয় স্থানে থেকে লিগ শেষ করা ইউনাইটেড। সপ্তম মিনিটে জেফ্রি স্কাপ্পের ক্রস দুই ডিফেন্ডারের সামনে দিয়ে বেরিয়ে যাওয়ার পর অ্যান্ড্রোস টাউনসেন্ডের শট পোস্টের ভেতরের দিকে লেগে জালে জড়ায়।বিরতির আগ পর্যন্ত বলের নিয়ন্ত্রণে এগিয়ে থাকলেও ক্রিস্টাল গোলরক্ষককে তেমন কোনো পরীক্ষা নিতে পারেনি ইউনাইটেড। ২২তম মিনিটে পল পগবার শট জাল খুঁজে পায়নি। এরপর স্কট ম্যাকটোমিনের প্রচেষ্টা, ব্রুনো ফের্নান্দেসের কর্নারে হ্যারি মাগুইয়ারের হেডও সমতায় ফেরাতে পারেনি ইউনাইটেডকে।জর্ডান আইয়ু ৬৬ তম মিনিটে জালে বল জড়ালেও অফসাইডের কারণে গোল হয়নি। অবশ্য একটু পরই উইলফ্রেড জাহার সফল স্পট কিকে ব্যবধান দ্বিগুণ করে নেয় ক্রিস্টাল।আইয়ুর লব ভিক্তর লিনদেলোভের হাতে লাগলে ভিএআর দেখে পেনাল্টির সিদ্ধান্ত দেন রেফারি। ঘানার এই ফরোয়ার্ডের দুর্বল শট ফেরান দাভিদ দি হেয়া। কিন্তু ইউনাইটেড গোলরক্ষক আগেই পোস্ট ছেড়ে বেরিয়ে আসায় ফিরতি শট নেওয়ার সুযোগ পান জাহা; কোত দি ভোয়ার ফরোয়ার্ডের লক্ষ্যভেদে ভুল হয়নি।৮০ তম মিনিটে সতীর্থের ক্রস প্রতিপক্ষের ডিফেন্ডারের পায়ে লেগে ডি-বক্সে পেয়ে যান দনি ফন দে বেক। হঠাৎ পাওয়ার সুযোগ দারুণভাবে কাজে লাগান আয়াক্স থেকে ইউনাইটেডে যোগ দেওয়া এই ডাচ মিডফিল্ডার।কিন্তু ইউনাইটেডের ম্যাচ ফেরা কঠিন হয়ে যায় আবারও। ৮৫তম মিনিটে লিনদেলোভের বাধা এড়িয়ে একটু এগিয়ে ডান পায়ের বুদ্ধিদীপ্ত শটে স্কোরলাইন ৩-১ করেন জাহা। ইউনাইটেডের হার অনেকটাই নিশ্চিত হয়ে যায় এই গোলে।

# বায়ার্ন ছেড়ে লিভারপুলে যাচ্ছেন আলকান্তারা

স্প্যানিশ মিডফিল্ডার থিয়াগো আলকান্তারাকে দলে পেতে তার বর্তমান ক্লাব বায়ার্ন মিউনিখের সঙ্গে সমঝোতায় পৌঁছেছে লিভারপুল।জার্মান দলটির প্রধান নির্বাহী কার্ল-হেইঞ্জ রুমেনিগের বরাত দিয়ে বৃহস্পতিবার খবরটি জানিয়েছে রয়টার্স।বৃটিশ গণমাধ্যমের খবর, ২৯ বছর বয়সী এই ফুটবলারকে পেতে প্রায় দুই কোটি পাউন্ড খরচ হবে লিভারপুলের। শর্ত সাপেক্ষে এর সঙ্গে যোগ হতে পারে আরও ৫০ লাখ পাউন্ড।বায়ার্নের সঙ্গে আলকান্তারার চুক্তির মেয়াদ ২০২০-২১ মৌসুমের শেষ পর্যন্ত। নতুন চ্যালেঞ্জের আশায় এক বছর আগেই দল বদলের সিদ্ধান্ত নিয়েছেন তিনি। লিভারপুলের সঙ্গে তার চার বছরের চুক্তি হতে পারে বলে ধারণা করা হচ্ছে।বার্সেলোনার যুব দল থেকে উঠে আসা আলকান্তারা ক্লাবটির মূল দলের হয়ে খেলেছেন ১০০ ম্যাচ। এরপর ২০১৩ সালে যোগ দেন বায়ার্নে। ওই বছরই বার্সেলোনার সাবেক কোচ পেপ গুয়ার্দিওলাকে কোচ হিসেবে নিয়োগ দেয় বুন্ডেসলিগার দলটি। দলটিতে মাঝমাঠের গুরুত্বপূর্ণ খেলোয়াড় হয়ে ওঠেন আলকান্তারা। মিউনিখের দলটির হয়ে তিনি প্রতি মৌসুমেই জিতেছেন বুন্ডেসলিগা। গতবার চ্যাম্পিয়ন লিগসহ জিতেছেন ট্রেবল।

**ADVERTISEMENT FOR ONLINE QUIZ COMPETITION**

Every of October for creating awareness among the people on the importance of, Ay'gonserving our precious Wildlife of Tripura. This year Forest Department is going to commemorate the Wildlife Week-2020 through digital platform on account of the prevailing COVID-19 pandemic. In this connection, Tripura Forest Department will organize State level online Quiz competition during the Wildlife Week-2020.
Interested & eligible candidate/ persons can fill up online Registration through Google Form which is available in the website: (forest.tripura.gov.in or www. bi od iversity. tripura. gov. in) or through this Google Form link https:/./ does. corn/ formsLciLel sf link. Registration form is to be submitted by 28/09/2020 before 05.30 PM. The competition will be held on 03/10/2020 and 04/10/2020 from -10.00 AM to 10.15 AM through online. Only first 90 candidates will be tat gidstered for quiz competition. Further instructions will be directly conveyed tio all th*, eligible registered participants. Winners will be given prize money and certificate. Further information /clarification if required can be obtained over telephone No. 9774145495 from the office of the Forest Department.
ICA/C-1647/2020-21
Sd/- (Dr. D. K. Sharma, IFS)
PCCF & HoFF & Chief Wild life
Warden, Tripura

F.No.12/3/Tender/BMMJPNB/TRLM12020-21/232
Dated, Poangbari-19/09/2020
**NOTICE INVITING TENDER**

Sealed quotations are hereby invited from the bonafide and resourceful SHG and Contractor/Suppliers/ Service providers for supplying and serving of cooked Food like Tiffin, Lunch, Dinner and drinking water to the Office of the Block Mission Manager (BDO),Poangbari Block, Sabroom South Tripura during the purpose of Training /Meetings/Seminar/ Workshop etc. BMMU- Poangbari who will arrange mandated activities within geographical boundaries of Poangbari R.D.Block. The items included in tender documents shall be provided by selected resourceful SHG and Contractor / Suppliers/ Service providers for residential/non-residential training, meeting, workshop, orientation programs. briefing, debriefing sessions etc. This contract shall be valid for the period for 1 (One) year or 4,99,999/- whicheve? is less.
The details can be seen in the website www.trlm.tripura.gov.inAvvvwsural.tripura.gov.in
ICA/C-1642/2020-21
(Bijayanta Sarka-TCS )
Block Mission Manager (BMM)
TRLM, Poangbari R.D.Block Sabroom,
South Tripura

